শ্রীশ্রীসুরত-কথামৃতম্।

মহামহোপাধ্যায়—
শ্রীলবিশ্বনাথ চক্রবর্ত্তিপাদ-
বিরচিতম্।

[সটীকং-সানুবাদঞ্চ]

"বিশ্বস্য নাথরূপোঽসৌ ভক্তি-বর্ত্ম-প্রদর্শনাৎ।
ভক্ত-চক্রে বর্ত্তিতত্বাচ্চক্রবর্ত্ত্যাখ্যয়াভবৎ ॥"

শ্রীগোবর্দ্ধন দাস কাব্য-ব্যাকরণতীর্থেন
প্রকাশিতম্।
শ্রীরাধারমণবাগ, নবদ্বীপ।

৪৫২ শ্রীচৈতন্যাব্দা]

[মূল্য চারি আনা মাত্র

ভুমিকা।

পঞ্চদশ শকাব্দাতে শ্রীমন্ মহাপ্রভুর আবির্ভাবের পরে দুইশত কি আড়াই শত বৎসরের মধ্যে গৌড়ীয় বৈষ্ণব-গগনে যে কয়েকজন উজ্জ্বল জ্যোতিষ্মানের উদয় হইয়া বঙ্গদেশকে, শুধু বঙ্গদেশ কেন—সমগ্র ভারতবর্ষকেই আলোকিত করিয়াছিলেন,—শ্রীলবিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর মহাশয় তাঁহাদের অন্যতম। শ্রীচক্রবর্ত্তি-পাদের পরে শ্রীলবলদেব বিদ্যাভূষণ ব্যতিরেকে আর কেহই গৌড়ীয় বৈষ্ণব সাহিত্যের সমৃদ্ধি সম্পাদন করিতে পারেন নাই, বা তাদৃশ চেষ্টা করেন নাই বলিলেও অত্যুক্তি হয় না। শ্রীচক্রবর্ত্তি মহাশয় একদিকে যেমন শ্রীমদ্ভাগবতের অতি সুনিপুণ টীকা দ্বারা প্রতি স্কন্দে প্রতি অধ্যায়ে মাধুর্য্য-রস-বন্যার পরিবেষণ করিয়াছেন,—অপরদিকে আবার 'উজ্জ্বলনীলমণি' প্রভৃতি রসগ্রন্থের প্রকৃত মর্ম্মোদ্‌ঘাটনে এবং স্বয়ংও শ্রীকৃষ্ণভাবনামৃত প্রভৃতি অষ্টকালীন লীলা স্মরণোপযোগী রসগ্রন্থের রচনায় অসাধারণ মণীষা ও কৃতিত্বের পরিচয় প্রদান করিয়াছেন। বস্তুতঃ গোস্বামিদের পরে গ্রন্থ-প্রণয়নদ্বারা শ্রীমন্ মহাপ্রভুর হার্দ্দিবস্তু প্রচারে শ্রীলচক্রবর্ত্তিপাদের আসনই সর্ব্বোচ্চে। শ্রীযুক্ত কৃষ্ণদেব সার্ব্বভৌম মহাশয় "সংকল্প কল্পদ্রুম" নামক গ্রন্থের টীকায় শ্রীলচক্রবর্ত্তিপাদকে শ্রীপাদরূপ গোস্বামির অবতার বলিয়াই বর্ণনা করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে বলিতে গেলে, শ্রীল্ চক্রবর্ত্তি মহাশয় যেমনভাবে শ্রীপাদ শ্রীরূপের পদাঙ্ক অনুসরণ করিয়া পরকীয়াবাদ সংস্থাপনক্রমে ঐ রসেরই পরিপোষক গ্রন্থরাজি রচনা করিয়া জগতে অক্ষয় কীর্ত্তি স্থাপন করিয়াছেন—তাহাতে

তাঁহাকে শ্রীরূপের অবতার বলিতে কাহারও আপত্তি থাকিলেও তিনি যে প্রোক্ত গোস্বামিপাদের একজন অন্তরঙ্গ একনিষ্ঠ ভক্ত—একথা স্বীকার করিতে কাহারও আপত্তি থাকিতে পারে না।

সুবিদ্বান্, সুরসিক, সৎকবি ও সদ্ভাবুক শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি মহাশয় যে সকল ব্রজরসপূর্ণ অমূল্য গ্রন্থরাজি রচনা করিয়াছেন—নিভৃত নিকুঞ্জ বিলাস-রসরহস্য-পরিপূরিত এই 'শ্রীসুরত-কথামৃত' গ্রন্থখানি তাহাদের অন্যতম। এই গ্রন্থখানি শ্রীপাদ রূপগোস্বামির উৎকলিকা বল্লরীর একটী মাত্র শ্লোকরত্নকে সূত্ররূপে উপজীব্য করিয়াই রচিত। গ্রন্থকর্ত্তা ঐ শ্লোকে উট্টঙ্কিত রসসাগরে নিমজ্জিত হইয়া গোপীভাব-বিভাবিতচিত্তে শ্রীশ্রীযুগলকিশোরের যে সকল মহারসময় অমৃত-মধুর সুরত-সংলাপ-সুধা শ্রীগুরুকৃপালব্ধ অপার্থিব শ্রুতিপুটে পান করিয়াছেন—তাহারই কিয়দংশমাত্র শতশ্লোকে বিনাইয়া বিনাইয়া গাহিয়াছেন। শ্রীরাধামাধব নীরব নিঝুম নিশীথে নিভৃত-নিকুঞ্জ-মন্দিরে নিরাকুলচিত্তে নিবৃন্ত-কুসুমশয্যায় সুখ-শয়ন করিয়া পরস্পর কোথাও বা ইঙ্গিতক্রমে, আবার কোথাও বা অর্দ্ধ অর্দ্ধ উচ্চারিত বাণীতে 'রসোদ্গার' করিতেছেন—ইহাই এই গ্রন্থরত্নের প্রতিপাদ্য বস্তু। সাধারণতঃ রসোদ্গার বলিতে আমরা যাহা বুঝি, ইহা আদৌ তজ্জাতীয় নহে। রসগ্রন্থে বা পদাবলীতে দেখা যায়—সখীগণ সম্মুখে বা একাকী নিজমনে শ্রীরাধা বা শ্রীশ্যামসুন্দর প্রিয়তম বা প্রিয়তমা বিষয়ে রসোদ্গার করিয়া থাকেন—কিন্তু চক্রবর্ত্তিপাদ এ' গ্রন্থে অন্যপ্রকার রসোদ্গার দেখাইয়াছেন। এ স্থলে স্বয়ং শ্রীকৃষ্ণ ও শ্রীরাধাই পরস্পর রসোদ্গার করিতেছেন, অথচ সংলাপ-সময়েই বর্ণনীয় বস্তুর রসাতিরেক সহকারে অফুরন্ত অবিশ্রান্ত অভিনয় চলিতেছে। ইহাতে ব্রজরস-লোলুপ সাধক ভক্তদিগের মানস-পটে যে কি এক মহা অমৃত-মধুর রস-প্রস্রবণের সৃষ্টি হইয়া থাকে, তাহার বর্ণনা

করা সাধ্যাতীত। বস্তুতঃ চক্রবর্ত্তিপাদ যেমন একটী মাত্র শ্লোকেরই আস্বাদনমুখে অনেক নিগূঢ় রসপ্রসঙ্গের অবতারণা করিয়াছেন—তদ্রূপ আমরাও নিঃসন্দেহে বলিতে পারি যে এই স্মরত-কথামৃতের প্রতি শ্লোক, প্রতি ছত্র ও প্রতি বাক্যই অতুলনীয় ও আস্বাদনীয় রস-প্রবাহ দান করিবে। শ্রীরূপের কাব্যরসলোভী ভক্তবৃন্দ ইহাতেও তজ্জাতীয় আস্বাদনা, উন্মাদনা ও সরসতা লাভ করিয়া ধন্য ধন্য হইবেন।

পরিশেষে বক্তব্য এই যে বহু অনুসন্ধানের পরে শ্রীগ্রন্থখানি শ্রীবৃন্দাবনধাম হইতে প্রেরিত হইয়া আমাদের হস্তগত হইয়াছেন। বহু ত্রুটি ও ছন্দঃপাত ইত্যাদি পরিলক্ষিত হইলেও অনেক কষ্টে শোধনের পর টীকা ও অনুবাদ সহ প্রকাশিত হইলেন। স্থলবিশেষে পাঠান্তর সমূহ পাদটীকায় বিন্যস্ত হইয়াছে। এক্ষণে কৃপাময় পাঠকগণ আমাদের সকল প্রকার ভ্রম প্রমাদ, ত্রুটি বিচ্যুতি ইত্যাদি দোষ-সমুদয় নিজগুণে ক্ষমা করিয়া মূল গ্রন্থের গুরু গম্ভীর তাৎপর্য্য অবধারণ করুন—ইহাই সবিনয় কাতর প্রার্থনা। এই গ্রন্থ অনুশীলন করিয়া যদি কাহারও বিন্দু মাত্রও আনন্দলাভ হয়—তবেই আমাদের সকল পরিশ্রম সার্থক হয়। ইত্যলমতি বিস্তরেণ।

শ্রীশ্রীসুরত-কথামৃতম্ ।

[আর্য্যা-শতকম্]

[মূল গ্রন্থস্য কেন্দ্রীয়-শ্লোকঃ]

কদাঽহং সেবিষ্যে ব্রততি-চমরী-চামর-মরুদ্
বিনোদেন ক্রীড়া-কুসুম-শয়নে ন্যস্ত-বপুষৌ ।
দরোন্মীলন্নেত্রৌ শ্রমজল-কণ-ক্লিষ্টদলকৌ
ব্রুবাণাবন্যোন্যং ব্রজনব যুবানাবিহ যুবাম্ ॥

[উৎকলিকা-বল্লর্য্যাঃ ৫২তমঃ শ্লোকঃ]

রসবোধিনী টীকা ।

প্রেরিতো যস্য কৃপয়াত্যজ্ঞোঽপ্যয়ং জনঃ সাহসিকেঽস্মিন্ ।
তমেবানন্ত শক্তিং গুরুং বন্দে স্বানন্দ-রসমূর্ত্তিম্ ॥

অথ সোঽয়ং কবিকুলচূড়ামণিঃ বিশ্ববিখ্যাত-কীর্ত্তিঃ শ্রীলবিশ্বনাথ চক্রবর্ত্তি চরণঃ **সুরত-কথামৃতাভিধেয়ং** শ্রীশ্রীরাধামাধবয়োঃ নিগূঢ়-নিকুঞ্জ-বিলাস-রস-রহস্য-পরিপূরিতং গ্রন্থরত্নমারভমাণঃ প্রথমতঃ শ্রীশ্রীরূপ গোস্বামিপাদানামুৎকলিকা-বল্লর্য্যাঃ শ্লোকরত্নেন বস্তুনির্দ্দেশ-পূর্ব্বক নিজা-ভীষ্টং প্রার্থয়তি—**কদেতি**। হে প্রাণেশ্বরী-প্রাণেশ্বরৌ কদা কস্মিন্ সময়ে অহং শ্রীগুরুরূপাসখী-প্রদর্শিত মঞ্জরী-দেহধারিণী, তদিঙ্গিতেন ইহ বিলাস-নিকুঞ্জে বহিঃ স্থিতা সতী ব্রততীনাং লতানাং যাঃ চমর্য্যঃ মঞ্জর্য্যঃ

তাসাং যে চামরাঃ তেষাং মরুদ্বিনোদেন সমীরণান্দোলনেন, যদ্বা ব্রততীনাং লতাবিশেষনিবদ্ধানাং চমরীচামরাণাং মরুদ্বিনোদেন আন্দোলনরূপানন্দেন যুবাং সেবিষ্যে। যুবাং কিম্ভূতৌ? ক্রীড়াকুসুম-শয়নে বিলাসপুষ্প শয্যায়াং ন্যস্তবপুষৌ ধৃত-কায়ৌ, দরোন্মীলন্নেত্রৌ বিলাসালসেন ঈষদুন্মীলিতনেত্রৌ, শ্রমজলকণৈঃ রতিশ্রমজনিত-ঘর্ম্মবিন্দুভিঃ ক্লিন্নদলকৌ আর্দ্রীভূত-চূর্ণকুন্তলৌ তথা অন্যোন্যং পরস্পরং ব্রুবাণৌ রসালাপপরৌ। ব্রজনবযুবানৌ ব্রজনব কিশোরী-কিশোরৌ। শ্রীগুরুরূপাসখীনামিঙ্গিতেন কদাহং নানাবিধসেবাচাতুর্য্য-বিশেষৈঃ যুবয়োঃ সুখমুৎপাদয়িষ্যামীতি ভাবঃ॥

তাৎপর্য্যানুবাদ।

বিশ্ব-বরেণ্য শ্রীলবিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর মহাশয় **'শ্রীসুরত-কথামৃত'** নামক গ্রন্থের প্রারম্ভে শ্রীপাদ রূপ গোস্বামী কৃত উৎকলিকা-বল্লরীর একটী শ্লোক-রত্নকে উপজীব্য করিয়া স্বীয় গ্রন্থ-প্রতিপাদ্য বস্তুর সংক্ষেপতঃ সূত্র-রূপে নির্দ্দেশ পূর্ব্বক নিজের অভীষ্ট সেবা প্রার্থনা করিতেছেন। হে প্রাণেশ্বরী-প্রাণেশ্বর! আমার এমন শুভক্ষণ কবে হইবে যে আমি শ্রীগুরুরূপা সখীর ইঙ্গিতে বিলাস-নিকুঞ্জের বহির্দ্দেশে অবস্থান করিয়া (লতা মঞ্জরী নির্ম্মিত চামরের বায়ু সঞ্চালনে) লতাদ্বারা নিবদ্ধ চমরীমৃগসমূহের চামরান্দোলন রূপ পরমানন্দজনক ক্রিয়া-বিশেষ দ্বারা—বিলাস-কুসুম-শয্যায় শায়িত, রতিরসালসভরে ঈষদুন্মীলিত-নেত্র, বিলাস-শ্রমভরে ঘর্ম্মাক্ত-অলকাবলী বিশিষ্ট ও পরস্পর নর্ম্মালাপ-পরায়ণ ব্রজনবকিশোরী-কিশোর যুগলকে নানাবিধ চাতুর্য্য বিশেষ প্রকাশনে সেবা করিয়া শ্রমাপনোদন পূর্ব্বক উভয়ের পরম সুখ বিধান করিব॥ *॥

মূলগ্রন্থঃ।

শ্রীকৃষ্ণ উবাচ—　　চিত্রমিদং নহি যদহো—

বিতরস্যধর-সুধাং নিকামং মে।

অতি কৃপণোঽপি কদাচিদ্

বদান্যতমতাং জনঃ প্রিয়ে! ধত্তে ॥ ১ ॥

লয়মপি ন যাতি দানে

প্রত্যুত বৃদ্ধিং রসাধিকাং* লভতে।

ইদানীং শ্রীরাধা-রাধারমণয়োরুক্তি-প্রত্যুক্তিরূপ-বিলাস-কৌতুকং বর্ণয়তি শ্লোকশতকেন। তত্র প্রথমং শ্রীকৃষ্ণ আহ—হে প্রিয়ে রাধে! ইদমেব চিত্রং অত্যাশ্চর্য্যং যৎ 'ময়া' নিকামং অত্যর্থং যথা স্যাত্তথা 'প্রার্থিতা অপি ত্বং' অধর-সুধাং মদধরপুটস্য জীবাতুং নিজাধরামৃতং মে নহি বিতরসি মহ্যং নার্পয়সি, অহো আশ্চর্য্যং! অতিকৃপণোঽপি জনঃ কদাচিৎ যাচকদুঃখনিবারণার্থমিতি যাবৎ বদান্যতমতাং দাতৃ-প্রবরত্বং ধত্তে ॥ ১ ॥

হে প্রিয়ে! 'যস্যাঃ বিদ্যায়াঃ' দানেঽপি উপযুক্ত-শিষ্যায় অশেষ বিশেষ প্রকারেণ পুনঃ পুনঃ অর্পণেঽপি লয়ং ক্ষয়ং ন যাতি

শ্রীকৃষ্ণ বলিতেছেন - হে চন্দ্রাননে! অতিশয় কৃপণ জনও যাচক-গণের দুঃখ নিবারণার্থ সময় বিশেষে মহাদাতা হইয়া থাকে, দেখিতে পাই। তুমি যে পরদুঃখকাতরা, ইহাও আমি জানি, তথাপি আজ মৎকর্ত্তৃক পুনঃ পুনঃ প্রার্থিতা হইয়াও যে আমাকে নিজাধরামৃত প্রদান করিতেছনা - ইহা অতিশয় আশ্চর্য্যের বিষয় নহে কি? ১ ॥

হে প্রাণ-বল্লভে! যে বিদ্যা শ্রদ্ধালু শিষ্যকে অশেষ বিশেষে

* রসাত্মিকাং।

অধর-সুধোত্তম-বিত্তাং
বিবুধবরায়াশু মে দেহি ॥ ২ ॥

[তথাহি]— স্বান্তে বিভ্রতি ভবতীং
স্বান্তেবাসিন্যতিস্নিগ্ধে।
ময়ি কিমপূর্ব্বাং নাদা
† স্তমিমাঞ্চ যস্মাদ্ বিভূষ্যহো তত্র ॥ ৩ ॥

প্রাপ্নোতি। প্রত্যুত পরন্ত রসাধিকাং বৃদ্ধিং লভতে রসোৎকর্ষেণব বর্দ্ধতে এব, 'এবম্ভূতাম্' অধরসুধোত্তমবিত্তাং অধরামৃত পানচাতুর্য্য-জ্ঞান-বিশেষং বিবুধবরায় রসশাস্ত্র-পারদর্শিনে মে মহ্যং অদ্যৈব তূর্ণমেব দেহি অর্পয়, রসশাস্ত্র-পারদর্শিনং মাং ত্বং শিক্ষা-গুরু-রূপেণ অধর সুধারস-পানচাতুর্য্যং শিক্ষয়েতি ভাবঃ ॥ ২ ॥

অহো আশ্চর্য্যং! ভবতীং স্বান্তে বিভ্রতি, গুরুরূপেণ নিজহৃদয়ে ধারণ-কর্ত্তরি অতি স্নিগ্ধে ত্বয়ি পরমানুরক্তে স্বান্তেবাসিনি তব

দিবানিশি দান করিলেও ক্ষয়প্রাপ্ত না হইয়া বরং উত্তরোত্তর রসপূর্ণভাবে বৃদ্ধিপ্রাপ্তই হইয়া থাকে, এবম্বিধ অধরামৃত পান-চাতুর্য্যরূপ জ্ঞান-বিশেষ রস-শাস্ত্র-পারদর্শী পরম পণ্ডিত-প্রবর এই আমাকে অর্পণ করিয়া তুমি আমার শিক্ষাগুরুরূপে জগতে অক্ষয়-কীর্ত্তি লাভ কর—ইহাই আমার কাতর প্রার্থনা ॥ ২ ॥

হে রাধে! তুমি পরম পণ্ডিতা, তোমার পক্ষে এইরূপ অবিচার করা, বড়ই আশ্চর্য্যের বিষয়!! যেহেতু আমি সর্ব্বদা তোমাকে গুরুরূপে হৃদয়ে ধারণ করিতেছি, তোমাতে বিশেষ-

† স্তদিমাং।

শ্রীরাধাহ— কুলরমণী-ততিলজ্জা
নির্ম্মূলন-তন্ত্র-কৌশলোদ্গারৈঃ।

শিষ্যে, কিম্বা নিকটবর্ত্তিনি, তব হৃদয়বাসিনি বা ময়ি 'রস-শেখরেঽপি' অপূর্ব্বাং অতি মধুরাং অননুভূতপূর্ব্বামিতিভাবঃ ইমাং অধরামৃত-দানচাতুর্য্য-বিদ্যাং কিং কথং ন অদাঃ দদাসি ? যস্মাৎ চ ত্বং তত্র তস্মিন্ বিষয়ে বিদুষী পরম পণ্ডিতা 'অসি'। রস পণ্ডিতানামযোগ্য পাত্রেঽপি শক্তিং সঞ্চার্য্য যোগ্যতাঞ্চ সম্পাদ্য বিদ্যাদানং সর্ব্বথৈব সমুচিতম্, কিন্তু যোগ্যপাত্রেঽপি যৎ কার্পণ্যং দরীদৃশ্যতে, তদেব অত্যাশ্চর্য্যং মন্যে ॥ ৩ ॥

কপটশালিনে পর-রমণী-ধর্ম্ম-ধ্বংসকায় শিষ্যায় নিগূঢ়বিদ্যা-প্রদানং সর্ব্বথৈবানুচিতমিত্যাশয়েন শ্রীরাধাহ—কুলেতি। হে কপটকলাগুরো ! কুল-রমণী ততীনাং পতিব্রতা-সমূহানাং 'পরম সম্পদ্রূপা' যা লজ্জা তস্যাঃ নির্ম্মূলনে মূলত এব উৎপাটনবিষয়ে যানি যানি তন্ত্র-কৌশলানি

ভাবেই অনুরক্ত এবং কায়মনোবাক্যে তোমারই শিষ্যত্ব স্বীকার করিয়াছি ; তথাপি তুমি কেন আমাকে এই অতি মধুর অননুভূতপূর্ব্ব অধর-সুধা-প্রদান-চাতুর্য্য রূপা বিদ্যা দান করিতেছ না ? উপযুক্ত অথচ সর্ব্বথা অনুগত ছাত্র পাইলে পণ্ডিতগণ কখনও কি বিদ্যা দান বিষয়ে কার্পণ্য করিয়া থাকেন ? ৩ ॥

শ্রীরাধা বলিলেন—হে কপট-কলানিধে ! কুল-রমণীগণের লজ্জারূপ মহাশৈলকে উৎপাটন জন্য যে সমস্ত তন্ত্র মন্ত্র কলা-কৌশলাদি আছে—সে সমস্ত বিষয়েই যে তোমার সবিশেষ

প্রথয়সি কিমু নিজগর্ব্বং

জ্ঞাতং পাণ্ডিত্যমস্তি তে তত্র ॥ ৪ ॥

দৈবাদ্ বিপক্ষতামপি

ময়ি যান্ত্যা বত ‡ মমৈব সহচর্য্যা।

ন্যস্তাহং তব হস্তে

কথমত্র গর্ব্বো ভবেন্ন তে ** ? ৫ ॥

তেষামুদ্‌গারৈঃ পুনঃ পুনঃ উচ্চারণৈঃ নিজস্য গর্ব্বম্ অহঙ্কারং কিমু প্রথয়সি বিস্তারয়সি ? তত্র পরস্ত্রী-পাতিব্রত্যহরণ-বিষয়ে তব পাণ্ডিত্যং পারদর্শিতা অস্তি ইতি তু 'অস্মাভিঃ' সর্ব্বথৈব জ্ঞাতমিতি ভাবঃ ॥ ৪ ॥

হে নাগরবর! অপি নিশ্চিতং দৈবাৎ মম দুরদৃষ্টবশাদেব ময়ি বিপক্ষতাং যান্ত্যা মদ্বৈরভাবাবলম্বিন্যা বত খেদে মমৈব সহচর্য্যা মৎ প্রিয়সখ্যা এব তব 'ধূর্ত্তস্য' হস্তে অহং ন্যস্তা সমর্পিতা ; অত্র

পাণ্ডিত্য আছে, ইহা সকলেই জ্ঞাত আছে ; তথাপি ঐ সমস্ত নিজমুখে পুনঃ পুনঃ প্রকাশ করিয়া নিজগর্ব্ব বিস্তার করিতেছ কেন ? ৪ ॥

হে ধূর্ত্ত প্রবর ! কি দুঃখের বিষয় !! আমার দুর্দ্দৈববশতঃই মদ্বিষয়ে বিপক্ষতাচরণকারিণী আমারই প্রিয়সখী কর্ত্তৃক আমি তোমার হস্তে সমর্পিতা হইয়াছি ; সুতরাং এ বিষয়ে আজ যে তোমার এত গর্ব্ব বা আনন্দ হইবে, ইহাতে তোমার দোষই

‡ বিপক্ষতাপি প্রথিতা ময়ি মমৈব। ** কস্তে গর্ব্বো ভবেত্তস্মাৎ।

অয়মপি পরমো ধর্ম্মঃ
শ্লাঘা মহতী তবেয়মেবেষ্টা।
যৌবন-ফলমপি চেদং
কুলাবলা-পীড়নং যদহো* !! ৬ ॥

অস্মিন্ বিষয়ে তে তব গর্ব্বঃ মত্ততা কথং ন ভবেৎ? বনাদ্ বনান্তরান্বেষণেনাপ্রাপ্তার্থস্য ব্যাধস্য হস্তে স্বয়মেবাপতিতা স্বর্ণমৃগী; সুতরাং ব্যাধো মদগর্ব্বাৎ আত্মানং যৎ বহুমনুতে, তত্তু ব্যাধস্য দোষো ন, অপিতু হরিণ্যাঃ কর্ম্ম-বিপাক এব ॥ ৫ ॥

'হে ধার্ম্মিক-প্রবর'! অপি সম্ভাবনায়াং, কুল-বধূনাং 'যঃ পাতিব্রত্য-ধ্বংশঃ' অয়মেব তব পরমো ধর্ম্মঃ প্রশংসিত-কার্য্যবিশেষঃ। 'হে রসিক কলাগুরো'! স্ব-মাধুর্য্যাদিনা পর-রমণীগণান্ নিভৃত-বনপ্রদেশে সমাহৃত্য তাভি র্যা রতিক্রীড়া ইয়মেব তব ইষ্টা অভিলষিতা, মহতী শ্লাঘা প্রশংসা চ। অপি চ কুলাবলানাং কুলবতীনাং যৎ পীড়নং দৃঢ়ালিঙ্গন-

---

বা কি? মৃগ ধরিবার জন্য বনে বনে ভ্রমণকারী অথচ বিফল-মনোরথ ব্যাধের হস্তে হঠাৎ আসিয়া যদি সুবর্ণমৃগী উপস্থিত হয়, তবে ব্যাধের ত অহঙ্কার হইবারই কথা !!! ৫ ॥

হে যশস্বিন্! তোমার যশের কথা আমি একমুখে আর কত বলিব? কি আশ্চর্য্য! কুলবধূ-গণের পাতিব্রত্য-ধ্বংশই তোমার একমাত্র পরম ধর্ম্ম; বংশী প্রভৃতি দ্বারা সতী স্ত্রীদিগকে নিভৃত-নিকুঞ্জ প্রদেশে আকর্ষণ পূর্ব্বক তাহাদিগের সহিত

* কুলাবলা যন্নিপীড়য়সি।

শ্রীকৃষ্ণ আহ— স্মর-নরপতি-বররাজ্যে

ধর্ম্মঃ শর্ম্মপ্রদোঽয়মাদিষ্টঃ।

বাৎস্যায়ন-মুনি-নির্ম্মিত-

পদ্ধত্যুক্তানুসারেণ হি ॥ ৭ ॥

মর্দ্দনাদিরূপেণ যদ্ধর্ষণং ইদমেব তব যৌবন-ফলং কৈশোর-সাফল্যং। অহো! কিমাশ্চর্য্যমতঃ পরমিতি শেষঃ ॥ ৬ ॥

'হে প্রিয়ে! কদাপি মম অধর্ম্ম-প্রবৃত্তি র্নাস্তি, শাস্ত্রানুসারেণৈব প্রবৃত্তোঽহমিত্যভিপ্রায়েণাহ স্মরেতি।' হে প্রিয়ে! স্মর-নরপতেঃ মদনমহাধীপস্য বররাজ্যে শ্রেষ্ঠ-রাজত্বে বাৎস্যায়ন মুনিনা নির্ম্মিতানি যানি শাস্ত্রাদীনি তৎ-পদ্ধত্যুক্তানুসারেণৈব রাজ্ঞা অয়ম্ আদিষ্টঃ— 'হে মদনুচরমহাসেনাপতে! মদ্রাজ্যে অয়ং হি এব তব প্রদর্শিতঃ

রতিক্রীড়া সম্পাদনই তোমার একমাত্র অভীষ্ট বস্তু এবং পরম শ্লাঘার কার্য্য। আর কলে বলে ছলে পর রমণীগণের যে নিপীড়ন অর্থাৎ আলিঙ্গনাদি দ্বারা ধর্ষণ—এইটাই তোমার কিশোর বয়সের মহা সার্থকতা বলিয়া আমাদের বেশ মনে হয় ॥ ৬ ॥

শ্রীকৃষ্ণ—হে রাধে! ঋষিপ্রবর বাৎস্যায়নের মতানুসারেই আমাদের মদন মহারাজের রাজত্ব চালিত হইয়া থাকে। সুতরাং মুনিবর-প্রদর্শিত শাস্ত্রযুক্তি অনুসারেই অখণ্ডপ্রতাপশালী রাজাধিরাজ মদন কর্ত্তৃক আমি এইরূপ আদিষ্ট হইয়াছি যে "হে সেনাপতে! আমার রাজত্বে তোমা কর্ত্তৃক প্রদর্শিত যে

অপিচ—অত্র প্রমাণমিষ্টং

চেন্মদুক্তেঽপি ন মন্যতে কিঞ্চিৎ।

ভরতমুনেঃ কিল শাস্ত্রং

শাস্ত্রান্তরমত্র কো গণয়েৎ ॥ ৮ ॥

পর-রমণী-ধর্ষণরূপকার্য্য-বিশেষঃ এব শর্ম্মপ্রদঃ অতিশয় সুখপ্রদঃ, মঙ্গলপ্রদো বা ধর্ম্মঃ। অতঃ কিং করোমি? অনুচরস্য সর্ব্বশাস্ত্রবিদো মম নৃপতে রাজ্ঞা-লঙ্ঘনরূপাধর্ম্মাচরণং সর্ব্বথৈব অসম্ভাব্যমিতি ভাবঃ' ॥ ৭ ॥

হে প্রিয়ে! চেৎ যদি মদুক্তে মম বাক্যে অপি ন মন্যতে প্রত্যয়ো ন স্যাৎ, 'অথচ' অত্র অস্মিন্ বিষয়ে কিঞ্চিৎ প্রমাণান্তরম্ ইষ্টং অভীপ্সিতং ভবেৎ, 'তদা' ভরতমুনেঃ তন্নামকস্য ঋষিপ্রবরস্য কিল শাস্ত্রং 'পশ্য ইতি শেষঃ।' অত্র শাস্ত্রান্তরং অবান্তর-শাস্ত্রাদিকং কো গণয়েৎ? প্রসিদ্ধয়োঃ ঋষিপ্রবরয়ো র্মত সাম্যাৎ শাস্ত্রান্তর পর্য্যালোচনয়ালমিতি ভাবঃ ॥ ৮ ॥

ধর্ম্ম, তাহাই আমার অভিপ্রেত এবং পরম মঙ্গল ও সুখপ্রদ ধর্ম্ম। স্বার্থ-পর কোনও ব্যক্তিবিশেষের কথায় যেন এই পরমপন্থা বিস্মৃত হইও না।' সুতরাং আমাকে রাজার আদেশ পালন করিতেই হইবে ॥ ৭ ॥

[অপরন্তু] হে রসময়ি! আমার বাক্যেও যদি তোমার বিশ্বাস না জন্মে, অথচ এ বিষয়ে অন্য প্রমাণ জানিতে অভিলাষ থাকে, তবে ভরতমুনি প্রণীত শাস্ত্রই দেখ। এ বিষয়ে ঐ শাস্ত্রই জ্বলন্ত দৃষ্টান্ত। অন্য (অবান্তর) শাস্ত্রকে আর কে গণনা করে? যেহেতু প্রসিদ্ধ ঋষিদ্বয়েরই একমত হইয়াছে ॥ ৮ ॥

বিদ্যোতি বিদ্যোতি-দায়ী
শ্লাঘাং মনুতে পয়োধরঃ স্বীয়াম্।
বিদ্যুদপি স্বাং সুষমাং
পয়োধরে শ্লাঘয়ত্যধিকাম্॥ ৯॥

হে গৌরাঙ্গি! পয়োধরঃ নবজলধরঃ বিদ্যোতি সৌদামিন্যাং বিদ্যোতি-দায়ী কান্তিদাতা সন্ স্বীয়াং স্বকীয়াং শ্লাঘাং গর্ব্বং মনুতে বিধত্তে। বিদ্যুদপি পয়োধরে নবঘনে স্বাং নিজাং অধিকাং শ্রেষ্ঠাং সুষমাং কান্তিং 'সমর্প্য ইতি শেষঃ' শ্লাঘয়তি আত্মানং বহুমনুতে। হে প্রিয়ে! কদাপি মেঘবিদ্যুতোর্বিয়োগো ন শোভতে। অতো নবঘনশ্যামে ময়ি বিদ্যুদ্-গৌরাঙ্গী ত্বং কথং স্বমঙ্গং শোভাঞ্চ নার্পয়সি? প্রথমং জলধরস্যৈব বিদ্যোতি নিজাঙ্গশোভাসমর্পণমুচিতমিতি চেৎ, তর্হি অহমেব নিজ-সর্ব্বাঙ্গং কান্তি-বিশেষঞ্চ ত্বদঙ্গে সমর্পয়ামীতি ভাবঃ॥ ৯॥

হে গৌরাঙ্গি! নবীন মেঘ যেমন বিদ্যুৎকে বক্ষে ধারণ করিয়া তাহাতে নিজ সর্ব্বাঙ্গ-শোভা সমর্পণ-পূর্ব্বক নিজকে অতিশয় গৌরবান্বিত মনে করে, আবার বিদ্যুৎও সাতিশয় প্রশংসনীয় নিজ অঙ্গ-কান্তি নবজলধরে সমর্পণ করিয়া নিজেকে পরম সৌভাগ্যবতী মনে করে। অতএব, আর পৃথকভাবে অবস্থান না করিয়া এক্ষণে মেঘ—বিদ্যুৎ জড়িতভাবে থাকাই যুক্তি যুক্ত নহে কি? ৯॥

শ্রীরাধাহ— গোবর্দ্ধন-গিরি-কন্দর-
বাসী হরিরসীতি শ্রুতং কতিধা †।
কুলবালা-হরিণীততি
রথাপি গচ্ছত্যতো ন তে দোষঃ ॥ ১০ ॥

হে কৃষ্ণ! ত্বং গোবর্দ্ধন-গিরিরাজস্য গহ্বর-নিবাসী **হরিঃ** সিংহঃ অসি ইতি কতিধা শ্রুতং, ব্রজভুবি বিখ্যাতঞ্চ। অথাপি এতদ্ জ্ঞাত্বাঽপি কুলবালা-হরিণীততিঃ কুলবতী-মৃগী-সমূহঃ তত্র গচ্ছতি, অতঃ অস্মিন্ ধর্ষণ-ব্যাপারে তে তব দোষঃ নাস্তি। যতঃ সমীপাগতানাং মৃগীণাং ধর্ষণং সিংহস্য স্বাভাবিকী বৃত্তিরেব ॥ ১০ ॥

শ্রীরাধা—হে কৃষ্ণ! গোবর্দ্ধন-গিরির গহ্বরে সিংহ সর্ব্বদা বাস করিয়া থাকে, এবং তাহার দর্শনমাত্রেই বহুবিধ কদর্থনা ভোগ করিতে হইবে—একথা পুনঃ পুনঃ অবগত হইয়াও হরিণীগণ যদি ঐ পর্ব্বতের উপত্যকায় গমন করে এবং সিংহ-কর্ত্তৃক লাঞ্ছিতাও হয়—তবে তাহাতে সিংহের দোষ কি? পক্ষান্তরে—কুল-রমণীগণের পাতিব্রত্যধ্বংশকারী হরি যে তুমি নিজাভীষ্ট পূরণার্থ সর্ব্বদা গিরি-গহ্বরে বাস কর, ইহা সবিশেষ জানিয়াও যখন আমরা এই গিরিকন্দরে আগমন করি, তখন এইরূপ দশা ত ভোগ করিতেই হইবে—ইহাতে তোমারই বা দোষ কি? ১০ ॥

---

† হরিরপি ন বিশ্রুতঃ কতিধা।

কিং কুর্ম্মঃ স্বাচরিতো

ধর্ম্ম স্ত্যক্তুং কথং পুনঃ শক্যঃ ?

দিনকর-পূজনবিধিরিহ

কুসুমাবচয়ে প্রবর্ত্তয়তে ॥ ১১ ॥

"হে রাধে! স্ব-কদর্থনং নিশ্চিতমিতি জ্ঞাত্বাঽপি যৎ পুনঃ পুনঃ গমনাগমনং—তত্তু স্বাভিলাষমেব যুষ্মাকমিত্যাশঙ্ক্য প্রত্যুত্তরমাহ"—কিমিতি। স্বাচরিতঃ ধর্ম্মঃ কুলপ্রথানুসারেণ অনুষ্ঠিতঃ, অতঃ কুল-ধর্ম্ম এব ত্যক্তুং পরিত্যক্তুং কথং পুনঃ শক্যঃ অস্মাভি র্ন কদাপি পরিত্যাজ্যঃ ইত্যর্থঃ। অতো বয়ং কিং কুর্ম্মঃ? অস্বাতন্ত্র্যাৎ। অয়ং দিনকরস্য সূর্য্যস্য পূজন-বিধিঃ এব কুসুমাবচয়ে পুষ্প-চয়নার্থং ইহ গোবর্দ্ধনস্য উপত্যকায়াং অস্মান্ প্রবর্ত্তয়তে প্রেরয়তি ॥ ১১ ॥

"হে কৃষ্ণ! যদি বল, গিরি গহ্বরে আমার বাস এবং আমার সহিত দেখা হইলে তোমাদের বিড়ম্বনা অবশ্যম্ভাবী, ইহা জানিয়াও যখন এখানে না আসিয়া থাকিতে পার না, তখন এই কার্য্য তোমাদের অভিপ্রেতই বলিতে হইবে, এ কথাও বলিতে পার না; কারণ আমরা কুলবতী, কুল-প্রথানুসারে বহুকাল হইতে আচরিত ধর্ম্ম কিরূপে পরিত্যাগ করিব বলত! কাজেই গোপীকুল-ধর্ম্ম সূর্য্যারাধন-বিধিই আমাদিগকে বলপূর্ব্বক এই গিরিরাজ-কন্দরে পুষ্পচয়নার্থ প্রেরণ করিতেছে—আমরা স্বেচ্ছায় কখনও এরূপ কার্য্যে প্রবৃত্তা হই নাই ॥ ১১ ॥

শ্রীকৃষ্ণ আহ—বৃন্দারণ্য-পুরন্দর-

মপি মাং ন গিরাপি কর্হিচিন্মনুষে।

সূর্য্যারাধন-গর্ব্ব

স্তদয়ং রাধে! ন তে ভবেৎ খর্ব্বঃ? ১২॥

গোবর্দ্ধন-গিরিধারণ-

কারণ মোজো ন মেঽধিকং মনুতে।

হে রাধে! বৃন্দারণ্য-পুরন্দরং বৃন্দাবনাধীশ্বরং অপি মাং কৃষ্ণং গিরাপি বাঙ্মাত্রেণাপি কর্হিচিৎ কুত্রচিৎ ন মনুষে গণয়সি। তৎ তস্মাৎ তে তব অয়ং সূর্য্যারাধন-জনিতো গর্ব্বঃ অহঙ্কারঃ কিং খর্ব্বঃ ন ভবেৎ? অপি তু ভবেদেব, যতো দর্পহারী শ্রীবিষ্ণুঃ কস্যাপি দর্পং ন সহতে॥ ১২॥

হে রাধে! সা প্রসিদ্ধা তব সবয়স্ততিঃ নর্ম্ম-সহচরী-সমূহঃ হি নিশ্চিতং তবৈক-কুচশৈলগর্ব্বেণ তব অদ্বিতীয় স্তনপর্ব্বত গর্ব্বেণ মে মম গোবর্দ্ধন-গিরিধারণ-কারণং বামহস্তেন গিরিরাজ-ধারণ-জনিতং ওজঃ বলম্ অপি

তখন শ্রীকৃষ্ণও মৃদু মধুর হাসিতে হাসিতে বলিলেন—হে রাধে, আমি এই বৃন্দাবনের অধীশ্বর, কিন্তু তুমি অভিমানে মত্ত হইয়া আমাকে যৎসামান্য জ্ঞানে কখনও মুখের কথাতেও সম্মান কর না; আচ্ছা সূর্য্যদেবের আরাধনা জনিত এই দর্প কি খর্ব্ব হইবে না? অবশ্যই হইবে, কারণ দর্পহারী ভগবান্ কতক্ষণ এই দর্প সহ্য করিবেন? ১২॥

হে রাধে! তোমারি সখীগণ তোমার এই অদ্বিতীয় স্তনরূপ পর্ব্বতের গর্ব্বে গর্ব্বিতা হইয়া আমার গিরিরাজ ধারণ-জনিত মহাবলকেও অতি তুচ্ছজ্ঞানে অবজ্ঞা করতঃ বলিয়া থাকে—"হে কৃষ্ণ! প্রত্যক্ষদেবতা শ্রীগিরিরাজ ব্রজবাসীগণের দুঃখনিবারণার্থ

তব সবয়স্ততি রপি সা
তবৈক ‡ কুচ-শৈল-গর্ব্বেণ ॥ ১৩ ॥

শ্রীরাধাহ— ন কিল কুচৌ মম শৈলৌ
পশ্যাম্বুজ-কোরকৌ নবোৎপন্নৌ।
ন তয়ো র্দলনং মরকত-
শিলানিভেনোরসাহস্ত তে যোগ্যম্ ॥ ১৪ ॥

অধিকং অতিশয়ং ন মন্যুতে গণয়তি। [তাভিরুক্তং—হে কৃষ্ণ! ত্বং সচেতনং দেবরূপিণং শৈলমেকং সপ্তাহকালমাত্রং ধৃতবান্; অস্মৎ-সখী তু অচেতনং অত্যুন্নতং গিরি-দ্বয়ং সাদরেণ সর্ব্বক্ষণমেব ধারয়তিতরাম্। অতঃ কিন্তে বাহুবলং বীরত্বং বেতি ভাবঃ]। ১৩॥

শ্রীরাধিকা নিজ-করেণ স্তন-দ্বয়ং দর্শয়ন্নাহ ন কিলেতি। হে বল্লভ! কিল নিশ্চিতং মম কুচৌ শৈলৌ পর্ব্বতৌ ন ভবিতুমর্হতঃ। পশ্য নবোৎপন্নৌ নবজাতৌ অম্বুজ-কোরকৌ পদ্মকোরকাবেব। অতঃ অদ্য সংপ্রতি তে

এক সপ্তাহকাল তোমার বামহাতের উপর অধিষ্ঠিত ছিলেন; যাহারা তত্ত্ব জানে না, তাহারাই তোমাকে 'গিরিধারী' বলে। আর তুমিও তাহাতেই গর্ব্বিত হইয়া থাক, ইহাতে তোমার শক্তির কি পরিচয় হইল? দেখ—আমাদের সখী শ্রীরাধা নিজশক্তি প্রভাবে অতি উন্নত অচেতন পর্ব্বতদ্বয়কে অনায়াসে সর্ব্বদাই ধারণ করিয়াও 'অবলা' বলিয়া পরিচয় দিয়া থাকেন।" ১৩॥

তদনন্তর শ্রীরাধা অতিশয় উল্লাসভরে নিজ কর দ্বারা স্তন যুগল দর্শন করাইয়া বলিতেছেন—হে নাগর! দেখ দেখ, আমার এই নবজাত-পদ্ম-কলিকা সদৃশ স্তনযুগল কি কখনও পর্ব্বত

---

‡ তাবক।

কৌস্তুভ-মণি রতিতরলঃ

সরলমতিঃ পুনরহং কুল-প্রমদা।

তদলমনেন ধিনোতু

ত্বাং নিজ-সদৃশং ভৃশং হৃদিস্থ স্তে ॥ ১৫ ॥

তব মরকতশিলানিভেন ইন্দ্রনীলমণি-সদৃশেন উরসা বক্ষসা তয়োঃ পদ্ম-কোরকয়োঃ দলনং পীড়নং ন যোগ্যং উচিতম্। পদ্মকোরকাভ্যাং সহ পঙ্কজয়ো র্মিলনমেব সমুচিতং—নতু প্রস্তরস্যেতি ভাবঃ ॥ ১৪ ॥

হে কলানিধে! অয়ং কৌস্তুভ-মণিঃ—তব কণ্ঠহার-নায়ক-মণিঃ অতি তরলঃ অতিশয় চঞ্চলঃ। অহং পুনঃ সরল-মতিঃ শুদ্ধস্বভাবা ইতি যাবৎ, কুলপ্রমদা কুলবালা তৎ তস্মাৎ অনেন মণিনা অলং মম নিষ্প্রয়োজনম্। তব হৃদিস্থঃ সন্নেব নিজ-সদৃশং মরকতনিভং ত্বাং ভৃশং অত্যর্থং ধিনোতু রঞ্জয়তু! এতেন শ্রীকৃষ্ণস্য চিরাভিলষিতং বৈপরীত্যমেব স্বীকৃতমিতি ভাবঃ ॥ ১৫ ॥

হইতে পারে? সুতরাং ইন্দ্রনীলমণি সদৃশ তোমার কঠিন বক্ষঃস্থল দ্বারা ইহাদের পীড়ন করা কখনই সঙ্গত নহে ॥ ১৪ ॥

হে প্রাণ-বল্লভ! আমি অতি সরলমতি কুল-বালা, কিন্তু তোমার বক্ষঃস্থিত এই কৌস্তুভ-মণি অতিশয় চঞ্চল। সুতরাং ইহাদ্বারা আমার কোনই প্রয়োজন নাই। এ' তোমার হৃদয়ে থাকিয়া নিজ-সদৃশ অর্থাৎ মরকত-মণি সদৃশ তোমার বক্ষঃস্থলকেই শোভিত (পীড়িত) করুক। [এই শ্লোকদ্বারা শ্রীকৃষ্ণের চির-প্রার্থনীয় বিপরীত-বিলাসই অঙ্গীকৃত হইল।] ১৫ ॥

শ্রীকৃষ্ণ আহ—সত্যময়ং ভয়-তরলঃ

কণ্ঠ-তটান্তং মম প্রিয়ে! শ্রয়তে।

দয়তে ন তব কুচ-দ্বয়

মধিকং সংমর্দ্দয়ত্যহো সত্বঃ ॥ ১৬ ॥

শ্রীরাধাহ—তব খর-নখর-বিদারণ-

সহনং কুচয়োরিয়ং বরা শক্তিঃ।

বিপরীত-বিলাস-রসাবেশেন প্রাণেশ্বর্য্যা পুনঃ পুনরালিঙ্গিতঃ শ্রীকৃষ্ণো গদ্‌গদুক্ত্যাহ—সত্যমিতি। হে প্রিয়ে! ত্বয়া সত্য মুক্তং, অয়ং কৌস্তুভঃ ভয়-তরলঃ তব কঠিন-স্তনযুগ-প্রপীড়নাশঙ্কয়া অতিশয়-চঞ্চলঃ সন্ মম কণ্ঠতটান্তং কণ্ঠপ্রদেশং শ্রয়তে আশ্রয়তে। কিন্তু তথাপি সত্বঃ তব কুচদ্বয়ং [শরণাগতমপি] অতিভীতমেনং কৌস্তুভং ন দয়তে। অহো! কষ্টং, অধিকং অত্যর্থং যথা স্যাত্তথা সংমর্দ্দয়তি সম্যক্ পীড়য়ত্যেব ॥ ১৬ ॥

অথ মৃদু স্মিতাধরেণাহ শ্রীরাধা—তবেতি। হে রসময়! মম কুচয়োঃ স্তনয়োঃ যৎ তব খর-নখর-বিদারণ-সহনং সুতীক্ষ্ণ-নখাঘাত-জনিত-দুঃখাদি

বিপরীত-বিলাস-রসাবেশে প্রাণেশ্বরী কর্ত্তৃক পুনঃ পুনঃ আলিঙ্গিত হইয়া শ্রীকৃষ্ণ বলিতেছেন—হে প্রাণেশ্বরী! দেখ দেখ, সত্য সত্যই এই কৌস্তুভ-মণি তোমার স্তনযুগল হইতে ভীত হইয়া ত্রস্তসমস্তভাবে আমার কণ্ঠদেশকে আশ্রয় করিয়াছে। কিন্তু কি দুঃখের বিষয়—তোমার কঠিন স্তনযুগল তথাপি ভীত ও পলায়িত ইহাকে দয়া করিতেছে না; বরং অত্যধিক পীড়াপ্রদানই করিতেছে ॥ ১৬ ॥

মৃদু মধুর হাসিয়া শ্রীরাধা বলিলেন—হে রসময়! সর্ব্বদা তোমার সুতীক্ষ্ণ নখাঘাত জনিত দুঃখ সহ্য করাই আমার

কিমত্র সম্ভবতি † স্ফুট

মনয়োঃ স্ববল-প্রকাশনাটোপঃ ॥ ১৭ ॥

শ্রীকৃষ্ণ আহ—মম খর-নখর-মহাঙ্কুশ-

ঘাতাদপি শতগুণং বলং লব্ধ্বা।

কোপাদিব কুচ-কুম্ভৌ

মামর্দ্দয়তো ভৃশং প্রিয়ে! পশ্য ॥ ১৮ ॥

সহনং ইয়মেব বরা শ্রেষ্ঠা শক্তিঃ। স্ফুটং স্পষ্টং যথা স্যাত্তথা অত্র কৌস্তুভে অনয়োঃ স্ববলপ্রকাশনাটোপঃ সংমর্দ্দন-রূপশক্তি-প্রকাশন-গর্ব্বঃ কিং সম্ভবতি? অপি তু নৈব। যতো মম স্তনয়োঃ পর-পীড়ন-সহন রূপৈব শক্তিঃ, নতু পর-পীড়ন-রূপেতি ॥ ১৭ ॥

হে প্রিয়ে! পশ্য পশ্য—তব কুচ-কুম্ভৌ করিকুম্ভাবিব উন্নতস্তনৌ মম খর-নখর-রূপাণাং মহাঙ্কুশানাং হস্তি-কুম্ভ-ভেদক-যন্ত্র বিশেষাণাং ঘাতাদপি ঘাতাদেব শতগুণং বলং উত্তেজনাং লব্ধ্বা [সাতিশয়ং উত্তেজিতৌ ভূত্বা] কোপাদিব মা মাং ভৃশং অত্যর্থং মর্দ্দয়তঃ সংপীড়য়তঃ। কুম্ভোপরি অঙ্কুশাঘাতাৎ হস্তী যথা উন্মত্তঃ সন্ বনং মর্দ্দয়তি, তথেতি ভাবঃ ॥ ১৮ ॥

স্তনযুগলের প্রধান শক্তি; সুতরাং এই কৌস্তুভ-মণিতে ইহাদের নিজ বল প্রকাশন রূপ গর্ব্ব কি কখনও সম্ভব হইতে পারে? অর্থাৎ চিরকালই আমার স্তনযুগল তোমার পীড়নই সহ্য করিয়া আসিতেছে, কখনও ত কাহাকেও পীড়ন করে নাই !! ১৭ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রাণেশ্বরি! দেখত—মত্ত করি-কুম্ভবিজয়ী অতিশয় উন্নত তোমার এই কুচ-কুম্ভদ্বয় আমার অতিতীক্ষ্ণ নখাঙ্কুশাঘাতে শতগুণ বললাভ করিয়া অর্থাৎ অত্যন্ত উত্তেজিত হইয়া রোষ বশতঃই যেন আমাকে পুনঃ পুনঃ মর্দ্দন করিতেছে ॥১৮॥

† কথমথ সম্ভবতু

শ্রীরাধাহ—কুচ-পদ্ম-কুট্মল-যুগং
মর্দ্দয়তি ত্বাং নিজাতিদৌরাত্ম্যাৎ।
বৃন্দাবন-বর-সিন্ধুর!
ননু দয়সে ত্বং (তে) নিসর্গ-কারুণ্যাৎ ॥ ১৯ ॥
শ্রীকৃষ্ণ আহ—তন্বাতে মুদমুচ্চৈ
স্তাবক-কুচ-(কঞ্জ) কোরকৌ যদিমৌ।

অথ শ্রীরাধিকা মুখনয়ন-ভঙ্গ্যা ব্যঙ্গোক্তিং নাটয়ন্তী আহ—কুচেতি। হে বৃন্দাবন-বর-সিন্ধুর! হে বৃন্দাবন-বর-মত্ত-মাতঙ্গ! কুচ-পদ্ম কুট্মলযুগং মম স্তনরূপ কমলকোরকৌ নিজাতিদৌরাত্ম্যাৎ নিজ-কাঠিন্য-দোষাৎ ত্বাং মর্দ্দয়তি ভৃশং নিপীড়য়তি। ননু ভোঃ ত্বং তু নিসর্গ-কারুণ্যাৎ স্বভাব-সৌকুমার্য্যাদিতি যাবৎ, দয়সে। কারুণ্য-স্বভাবাৎ কর-স্পর্শমপি ন করোষি॥ ১৯ ॥

হে প্রিয়ে রাধে! যৎ যস্মাৎ ইমৌ দৃশ্যমানৌ তাবক-কুচকোরকৌ তব উন্নত-স্তন-কুট্মল যুগলং উচ্চৈঃ মুদং স্বভাবতঃ এব আনন্দাতিশয়ং

শ্রীরাধা—মুখনয়নাদির ভঙ্গীদ্বারা ব্যঙ্গোক্তি পূর্ব্বক বলিতেছেন—হে বৃন্দাবন-বর-মত্তমাতঙ্গ! পদ্ম-কোরক সদৃশ আমার স্তনদ্বয় নিজ স্বভাব-কাঠিন্য বশতঃ তোমাকে অত্যন্ত পীড়ন করিতেছে—এ' কথা সত্য! কিন্তু তোমার এমনই কোমল স্বভাব যে তুমি নিজ করুণা বশতঃ উহাদিগকে অনবরত ক্ষমাই করিতেছ। এমন কি, পাছে আঘাত লাগে, এই ভয়েই করদ্বারা একবার স্পর্শ পর্য্যন্তও করিতেছ না!! ১৯ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রিয়ে! কুমুদ-কলিকা সদৃশ তোমার এই স্তনযুগল স্বভাবতঃই আমার অতিশয় আনন্দ বর্দ্ধন করিতেছে।

নখ-চন্দ্রোদয়মধি কিং
স্বযোগ্যমতুলং ন শোভেতে প্রিয়ে !! ২০ ॥

শ্রীরাধাহ—নখরাণামতিখরতা
রতায় তে তাবকেন**কিল বিধিনা।
ব্রজ-বনিতানামরুচ্য-
রুষেব নিরমায়ি কিং নূনম্ ‡ ॥ ২১ ॥

তন্বাতে বিস্তারয়তঃ মমেতি শেষঃ। তৌ কিং স্বযোগ্যং নিজাভিলষিতমিতি যাবৎ, অতুলং অতুলনীয়ং নখচন্দ্রোদয়ং মম নখ-চন্দ্রাঙ্কং লব্ধ্বেতি যাবৎ, অধি অধিকং ন শোভেতে ? কুমুদ-কোরকোপরি অগণিত-চন্দ্রোদয়াৎ অতিমনোহরত্বমেব জায়তেতরামিতি ভাবঃ ॥ ২০ ॥

হে ব্রজনব-নাগরবর! ব্রজবনিতানাং ব্রজগোপীনাং রতায় রমণার্থং অরুচ্য রুষা অসহনীয়-ক্রোধেন ইব তাবকেন বিধিনা তব বিধান কর্ত্রা কিল তে তব নখরাণাং খরতা অতিশয়-তীক্ষ্ণত্বং নূনং নিশ্চিতং নিরমায়ি কিং ? শিরীষ-কুসুমবৎ কোমলাঙ্গস্য তব কর-নখরেষু কাঠিন্যার্পণং ব্রজ-বনিতাসু বিধাতু র্মৎসরত্বমেব ধ্বনিতম্ ॥ ২১ ॥

বল দেখি—তাহার উপর নিজের চিরাভিলষিত অতুলনীয় বহু বহু চন্দ্র-কলার উদয়ে আরও শোভাবিশেষ ধারণ করে নাই কি ? ২০ ॥

শ্রীরাধা—হে রসিকনাগর ! ব্রজগোপীগণ তোমাতে বিশেষ অনুরক্তা, এবং তুমিও তাহাদের সহিত বিলাস-রসে নিমগ্ন - এই নিমিত্ত সাতিশয় রোষ বশতঃই বোধ হয়, তোমার নির্ম্মাণকারী বিধাতা কর্ত্তৃক তোমার কর-নখরের এত তীক্ষ্ণতা নির্ম্মিত হইয়াছে ; তাহা না হইলে শিরীষ কুসুমকোমলাঙ্গ তোমার নখর-শ্রেণী এত তীক্ষ্ণ হইবে কেন ? ২১ ॥

** স্তাবকেন। ‡ কিং নু ত্বা

শ্রীকৃষ্ণ আহ—কুসুমাদপি মৃদুলাঙ্গ্যাঃ

কুচয়ো রেবাস্তি হন্ত! কাঠিন্যম্।

ইতি তন্নিষ্কাশয়িতুং

ক্ষুণত্তি নখরাবলী চতুরা॥ ২২॥

শ্রীরাধাহ—হন্ত! কৃতং বত কিমিদং

সুরত-রসোন্মদ! কুলস্ত্রিয়াঃ কদনম্।

হে প্রিয়ে! হন্ত! খেদে, কুসুমাদপি শিরীষপুষ্পাদপি মৃদুলাঙ্গ্যাঃ কোমলাঙ্গ্যাঃ তব কুচয়োরেব কাঠিন্যং কঠিনতা অস্তি ইতি হেতোঃ তৎ কাঠিন্যং নিষ্কাশয়িতুং বহিষ্কর্ত্তুং 'পরোপকারিণো' মম চতুরা সাতিশয়বিদগ্ধা নখরাবলী নখশ্রেণী ক্ষুণত্তি তব স্তন-যুগলং খনতি। অতঃ এতৎ খননমপি সুখায় এব, নতু দুঃখকরমিতি ভাবঃ॥ ২২॥

হন্ত বিস্ময়ে বত খেদে, হে সুরত-রসোন্মদ! রতিরসেন হিতাহিত-বিবেক-রহিত! কুলস্ত্রিয়াঃ পতিব্রতায়াঃ মে মম কিমিদং কদনং কদর্থনং

শ্রীকৃষ্ণ—হে প্রাণেশ্বরি! শিরীষ কুসুম হইতেও কোমলাঙ্গী তোমার এই স্তনযুগলের কঠিনতা দূর করিবার জন্যই পরদুঃখকাতর যে আমি সেই আমার অতি নিপুণ খননাস্ত্র বিশেষরূপ এই নখ-শ্রেণী বিরাজ করিতেছে। কি দুঃখের বিষয়! আমি তোমাদের হিত করিতে চেষ্টা করি, আর তোমরা কিনা তাহাই অহিত মনে কর!! ২২॥

শ্রীরাধা—কি আশ্চর্য্য! হে বিলাস-মদ-মত্ত-মাতঙ্গ! হায়, হায়!! তোমার কি হিতাহিত জ্ঞান একেবারেই লোপ হইয়াছে? সতীকুল-চূড়ামণি আমার কি কদর্থনাই করিয়াছ—দেখ দেখি!!

হারা স্ত্রুটিতাঃ * কাঞ্চী
গলিতা স্খলিতা তথৈব মে বেণী ॥ ২৩ ॥

শ্রীকৃষ্ণ আহ—হারা বলতুরুভারাঃ
কৃশমপি মধ্যঞ্চ নহ্যতে কাঞ্চী।

কৃতং ত্বয়েতি শেষঃ। হারাঃ ত্রুটিতাঃ ছিন্নাঃ, কাঞ্চী মেখলা গলিতা মুক্তা, বেণী স্খলিতা বিস্রস্তীকৃতা। অত স্ত্বং পরপীড়ক এব, নতু হিতকারী ॥ ২৩ ॥

হে কমলিনি! এতে হারাঃ 'তব কণ্ঠস্থাঃ' ভূষণভূতাঃ বলতুরুভারাঃ বহুভারযুক্তাঃ, অতিশয় কঠিনাশ্চ। 'ইয়ং' কাঞ্চী মেখলা কৃশমপি মধ্যং অতি ক্ষীণমপি তব কটিদেশং নহ্যতে বধ্নাতি। 'এষা' বেণী চিকুর-কদর্থনভূতা সুস্নিগ্ধ কেশপাশান্ অতি নির্দ্দয়রূপেণ কদর্থয়তি ইতি ভাবঃ।

মহামূল্য হারসকল ছিন্নভিন্ন করিয়া কোথায় ফেলিয়াছ? কটির ভূষণ মেখলা খুলিয়া দিয়াছ। সখীদিগের কত যত্নের নানাবিধ-কুসুম-শোভিতা বেণীটিকে একেবারে স্রস্ত-বিস্রস্ত করিয়াছ। বল দেখি—এই কি তোমার পরোপকার ব্রত? ২৩ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রিয়ে! তোমার বক্ষঃস্থলস্থিত এই হার-শ্রেণী অতিশয় কঠিন এবং গুরুভারযুক্ত। আবার তোমার নিতম্ব এবং স্তনযুগলের অত্যাচারে [প্রপীড়িত] অতি ক্ষীণ কটিতটকেও এই কাঞ্চী দৃঢ়রূপে বন্ধন করিয়াছে। আরও দেখ—অতি সুস্নিগ্ধ কুঞ্চিত কেশ-কলাপকে এই বেণী কিরূপ নির্দ্দয়তার সহিত উৎপীড়ন করিতেছে! বল দেখি প্রিয়ে! আমার প্রাণ-

---

* স্ফুটিতাঃ।

চিকুর-কদর্থনভূতা
বেণী তদিমা রক্ষিতুং ন যোগ্যাঃ ॥ ২৪ ॥

শ্রীরাধাহ—ঊঢ়ো যেন গিরীন্দ্র
স্তমপি ন বহতো মমোরসো ভারঃ।
হারৈ ভূর্ষণভূতৈ
রভূদিয়ং স্নেহমুদ্রা কিম্? ॥ ২৫ ॥

'অতঃ' ইমাঃ 'ব্রজকুলবতীনাং পীড়কাঃ' রক্ষিতুং ন যোগ্যাঃ। মম প্রাণপ্রিয়াণাং ব্রজবালানাং দুঃখদূরীকরণমেব মম ব্রতম্. ॥ ২৪ ॥

হে পর-দুঃখাপহারিন্! 'যেন বৃন্দাবন-বিহারিণা' গিরীন্দ্রঃ গোবর্দ্ধন গিরিরাজঃ ঊঢ়ঃ অনায়াসেন ধৃতঃ, তমপি বহতঃ ধারয়তঃ মম উরসঃ ভারঃ 'কষ্টপ্রদঃ' নাভূৎ। [কিং বদিষ্যামি!] ভূষণভূতৈঃ আভরণ-স্বরূপৈঃ এতৈঃ হারৈরেব তস্য বক্ষসো গুরুভারঃ ভবতি। [অত স্তে দূরী-কৃতা ত্বয়েতি শেষঃ।] অহো! তব ইয়ং স্নেহ-মুদ্রা প্রীতি-চিহ্নমভূৎ কিম্ ॥ ২৫ ॥

কোটি-সর্ব্বস্ব প্রেয়সীগণের পীড়াদায়ী বস্তু কি আমি দূর না করিয়া থাকিতে পারি? তাই উহাদিগকে দূর করিয়াছি ॥ ২৪ ॥

শ্রীরাধা—হে রসিক-প্রবর! কি আর বলিব? তোমার কথা শুনিয়া হাসি পায়। যে ব্যক্তি অত্যুন্নত গোবর্দ্ধন-গিরিরাজকে অনায়াসে বামকরে বহন করিয়াছিল—তাহাকেও বহন করিয়া আমার যে বক্ষঃস্থল কিঞ্চিন্মাত্রও কষ্ট বোধ করে না, কিন্তু আভরণস্বরূপ কয়েকগাছি মণিময় হারের ভারে তাহারই অতিশয় কষ্ট দেখিয়া অসহ্যবোধে তুমি তাহা দূর করিয়াছ !!! আহা মরি! কি অপূর্ব্ব স্নেহের চিহ্ন গো !! ২৫ ॥

[অপি চ] কুচ গিরি-বহন-পটুত্বং
কৃশমপি মধ্যং যতো বলাদ্ধত্তে।
মণিময়-কাঞ্চীবন্ধা—
দেব তমৃতে দৃঢ়তাঽস্য কেন স্যাৎ ॥ ২৬ ॥

[অপি চ পশ্য] উৎকর্ষণাবকর্ষণ—
পর্য্যায়োদিত-পরস্পরাসক্ত্যা।

[অপি চ] হে নটেন্দ্র! অতি কৃশমপি ক্ষীণমপি মধ্যং মম কটিপ্রদেশঃ যতঃ যস্মাৎ মণিময়-কাঞ্চীবন্ধাৎ মণিখচিত-মেখলাবন্ধনাৎ বলাদেব কুচ-গিরিবহন-পটুত্বং স্তনরূপ-পর্ব্বত-যুগল-বহন-সামর্থ্যং ধত্তে। তং বন্ধনং ঋতে বিনা অস্য কটিপ্রদেশস্য দৃঢ়তা কেন স্যাৎ কথং ভবেৎ? ২৬॥

[অপি চ পশ্য] হে রস-শেখর! চিকুরাণাং মম কেশ-কলাপানাং উৎকর্ষণাবকর্ষণ-পর্য্যায়েণ সংস্কার সময়ে যৎ উৎকর্ষণং অবকর্ষণঞ্চ তয়োঃ ক্রমেণ উদিতা জাতা যা পরস্পরাণাম্ আসক্তিঃ সম্মিলন-বিশেষঃ

আরও বলি, হে নটবর-শিরোমণি! আমার কটিতট অতি ক্ষীণ হইয়াও যে মণিময় কাঞ্চী বন্ধনের ফলে বলশালী হইয়া অত্যুন্নত এই স্তনরূপ পর্ব্বতযুগল বহন করিবার শক্তি পাইয়াছিল, তুমি সেই বন্ধন শিথিল করিয়া দিলে, এখন বল দেখি বন্ধন ভিন্ন ইহার দৃঢ়তা হইবে কিরূপে? ২৬॥

আর এক কথা—হে রসিক-শেখর! প্রিয় সখীগণ-কর্ত্তৃক আমার কেশ-সংস্কার সময়ে উহাদের উৎকর্ষণ ও অবকর্ষণ ক্রমে জাত যে পরস্পর আসক্তি (মিলন), সেই আসক্তিদ্বারা উৎপন্না এই বেণী উহাদের প্রীতি-চিহ্ন-স্বরূপাই। সুতরাং উহাকে

প্রীতিরিয়ং কিল বেণী
চিকুরাণাং ন চ কদর্থনং বাচ্যম্॥ ২৭॥

শ্রীকৃষ্ণ আহ - সত্যমহং গিরিধারী
কর-নলিনাভ্যাং গিরিদ্বয়ং ধাস্যে।
মধ্যস্যাত্র পটুত্বৈ
রলং বলং কিল মমৈবাস্তাম্॥ ২৮॥

ত্বয়া কিল 'উৎপন্না' ইয়ং বেণী-চিকুরাণাং প্রীতিরেব, নতু তেষাং কদর্থনং বিড়ম্বনং বাচ্যম্। যতঃ বেণী-মোক্ষণাৎ কেশানাং মলিনত্বমেব জায়তে॥ ২৭॥

হে মঞ্জুভাষিণি! 'ত্বয়া' সত্যমুক্তং—গিরিধারী অহমেব। অতঃ কর-নলিনাভ্যাং হস্ত-কমলাভ্যাং 'ইদং' গিরিদ্বয়ং তব স্তন-পর্ব্বত-দ্বয়মপি অহমেব ধাস্যে ধারয়িষ্যামি। অত্র গিরিধারণ-বিষয়ে বলং পৌরুষং কিল নিশ্চিতং মমৈব আস্তাম্। তব মধ্যস্য কটিদেশস্য পটুত্বৈঃ দৃঢ়তাভিঃ অলং নিষ্প্রয়োজনম্ ইতি জ্ঞাত্বৈব কটি-বন্ধনং ময়া দূরীকৃতম্॥ ২৮॥

কেশ-কলাপের বন্ধন বা বিড়ম্বনা মনে করিয়া মুক্ত করাতে তোমার প্রীতি-ভঙ্গ দোষ হইয়াছে; দেখনা কেন—বেণীর বিচ্ছেদে আমার কেশগুলি কেমন মলিন হইয়াছে? ২৭॥

শ্রীকৃষ্ণ—হে মধুর-ভাষিণি রাধে! তুমি সত্যই বলিয়াছ—জগতে গিরিধারী বলিয়া খ্যাতি একা আমারই, সুতরাং তোমার এই কুচ-গিরিদ্বয়কেও এই কর কমলদ্বয় দ্বারা আমিই ধারণ করিব। তোমার ক্ষীণ কটির বৃথা বন্ধন যাতনা ভোগ করিবার কোনই প্রয়োজন নাই; তাই আমি তোমার নীবী-বন্ধন শিথিল করিয়াছি॥ ২৮॥

[অপি চ] চিকুরাণামপি বেণ্যাঃ

পরস্পরাসক্তিঃ সূচিতা।

প্রীত্যা** কিং ফলমিহ যদি

[তাবকং] পরিচরণং তে ন কুর্ব্বন্তি ॥ ২৯ ॥

[অপি চ পশ্য] বেণীবন্ধ-বিমুক্ত

শ্চিকুর-কলাপোঽত্র বেল্লিতো মরুতা।

হে প্রিয়ে রাধে! প্রীত্যা অতিশয়-প্রণয়েন চিকুরাণাং তব কেশ-কলাপানাং বেণ্যাঃ অপি পরস্পরাসক্তিঃ 'ত্বয়া' সূচিতা দর্শিতা। কিন্তু হে বল্লভে! তে বেণীচিকুরাঃ 'মিলিত্বা' যদি তাবকং পরিচরণং তব শ্রী-অঙ্গাদি-সেবাং ন কুর্ব্বন্তি—তদা ইহ মিলনে কিং ফলম্? অপি তু ব্যর্থমেব। অতো ময়া দূরীকৃতম্ ॥ ২৯ ॥

হে প্রাণ-প্রিয়তমে! অহো!! আশ্চর্য্যং পশ্য, বেণী-বন্ধবিমুক্তঃ বেণী-বন্ধনাৎ উন্মুক্তঃ তে তব চিকুর-কলাপঃ কুঞ্চিত-কেশপাশ মরুতা

হে রাধে! কেশ-কলাপও বেণীর প্রণয়বশতঃ পরস্পর আসক্তির কথা তুমি ত বলিতেছ; কিন্তু হে প্যারি! উহার মিলিত হইয়া যদি তোমার শ্রীঅঙ্গসেবাই না করিল, তবে উহাদের প্রীতি বা মিলনের কি ফল? তাই আমি বেণী-বন্ধন দূর করিয়াছি ॥ ২৯ ॥

হে প্রাণেশ্বরি! দেখ দেখ, কি আশ্চর্য্য!! বেণী-বন্ধন হইতে বিমুক্ত তোমার এই কেশ-পাশ এই সময় [বিপরীত বিলাসে] মন্দ পবনাঘাতে আন্দোলিত হইতেছে; অতএব ইহা চামর সদৃশ

**পরস্পরাসক্তি-সূচিতপ্রীত্যা।

স্বিন্নাঙ্গীং বীজয়ত্যহো ভবতীম্ ॥ ৩০ ॥

রাধাহ—আবিষ্কৃত-পুরু-শিল্পং

সখ্যা মে বহু বিলম্বতো রচিতম্।

চিত্রকমলিকতটে তৎ

ক্ষণেন বিধ্বংসিতং ভবতা ॥ ৩১ ॥

বায়ুনা [বৈপরীত্য-জনিতেনেতি যাবৎ] বেল্লিতঃ আন্দোলিতঃ 'অতঃ' চামরতাং উপযাতঃ প্রাপ্তঃ সন্ স্বিন্নাঙ্গীং ঘর্ম্মাক্ত-কলেবরাং ভবতীং বীজয়তি ॥ ৩০ ॥

হে প্রাণ-বল্লভ! যে মম সখ্যা 'সুচিত্রয়া' আবিষ্কৃত-পুরুশিল্পং নবাবিষ্কৃত-বহু-কারুকার্য্য-পূর্ণং 'অতঃ' বহুবিলম্বতঃ বহু ক্ষণেন মম অলিকতটে ললাট-ফলকে যৎ চিত্রকং তিলকং রচিতম্—তত্তু ভবতা রতিরসোন্মত্তেনেতি যাবৎ, ক্ষণেনৈব অত্যল্প-কালেনৈব বিধ্বংসিতম্ নির্ম্মূলীকৃতম্ ইতি তু তব অন্যায্যং, মম লজ্জা-প্রদঞ্চ ॥ ৩১ ॥

হইয়া ঘর্ম্মাক্তকলেবরা তোমাকে বীজন করিতেছে। বল দেখি প্রিয়ে! আমি যদি ইহাদিগকে বেণী-বন্ধন হইতে মুক্ত না করিতাম, তবে ইহাদের এই সেবা-সৌভাগ্য কিরূপে ঘটিত? ৩০॥

শ্রীরাধা—হে প্রাণ-বল্লভ! আমার প্রিয় সখী চিত্রা কর্ত্তৃক নূতনভাবে আবিষ্কৃত বহু বহু কারুকার্য্য পরিপূর্ণ এবং বহু সময়-সাধ্য নানাপ্রকার চিত্র (তিলক) আমার ললাটপটে রচিত হইয়াছিল। কিন্তু তুমি উহার মর্য্যাদা না বুঝিয়া রতিরসোন্মত্ততা-বশতঃ ক্ষণকালমধ্যেই উহাকে নষ্ট করিয়াছ। বল দেখি—সখী সমাজে আমি কিরূপে মুখ দেখাইব? ৩১ ॥

শ্রীকৃষ্ণ আহ— স্মিতমুখি ! রুচার্দ্ধবিধুনা

সুচারুভালেন মে মিলন্ত্যেষা।

ত্বদলিক-বিধুরেখাঽস্মৈ

প্রেম্নাঽর্পয়তি স্ম সর্ব্বস্বম্ ॥ ৩২ ॥

শ্রীরাধাহ— গণ্ডতটে মম মকরী

শ্যামা সরলাতিচিত্রিতাপ্যবলাম্ † ।

হে স্মিতমুখি ! সুহাসিনি ! রুচা কান্ত্যা অর্দ্ধবিধুনা অর্দ্ধচন্দ্র-সদৃশেন মে মম সুচারুভালেন সুন্দর-ললাট-পটেন সহ মিলন্তী এষা ত্বদলিক-বিধুরেখা তব ললাটস্থা চিত্র-চন্দ্ররেখা প্রেম্না প্রীত্যা অস্মৈ মম ললাটরূপার্দ্ধচন্দ্রায় নিজ সর্ব্বস্বং অর্পয়তিস্ম স্বেচ্ছয়া আত্মানং সমর্পয়তিস্ম ইত্যর্থঃ। অত্র মম কো দোষঃ ॥ ৩২ ॥

হে কপট-কলাগুরো ! মম গণ্ডতটে গণ্ডস্থলে অতি চিত্রিতা পরম-সুন্দরী সরলা বিশুদ্ধা শ্যামা কস্তূরী-নির্ম্মিতা মকরী বর্ত্ততে ইতি শেষঃ।

শ্রীকৃষ্ণ—হে সুহাসিনি ! অর্দ্ধচন্দ্র-বিনিন্দিত আমার এই সুন্দর ললাট-পটের সহিত মিলিত তোমার এই ললাটস্থ চিত্র চন্দ্র-রেখা—প্রণয়বশতঃ স্বেচ্ছাপূর্ব্বকই আমার ললাটরূপ অর্দ্ধ-চন্দ্রকে আত্ম-সমর্পণ করিয়াছে। কেন আমাকে মিথ্যা দোষারোপ করিতেছ ? ৩২ ॥

শ্রীরাধা—হে কপট-চূড়ামণি ! আমার গণ্ড-স্থলে অতি বিচিত্র সরলপ্রকৃতি শ্যামবর্ণা অর্থাৎ কস্তূরী-নির্ম্মিতা মকরী শোভা পাইতেছে। কি আশ্চর্য্য ! ইহাকে অবলা জানিয়াও অতি ধূর্ত্ত,

† চিত্রিতাপ্যচলা।

মকরদ্বয়-তাটঙ্ক-

শ্চপলো ধৃষ্টঃ কদর্থয়ত্যেনাম্ ॥ ৩৩ ॥

শ্রীকৃষ্ণ আহ— রমণি! মম শ্রুতি-যুগলং

ত্বদুদিত-সৌধদ্রবৈঃ প্লুতং তদপি ‡।

দ্বিগুণিত-তৃষ্ণং জাতং

লোলুপতায়াঃ স্বরূপমেবৈতৎ ॥ ৩৪ ॥

অবলামপি এনাং ধৃষ্টঃ অতিধূর্ত্তঃ চপলঃ চঞ্চলঃ মকরদ্বয়-তাটঙ্কঃ মকরাকৃতি-কর্ণভূষণঃ, তব মকর-কুণ্ডলযুগম্ ইতি যাবৎ, কদর্থয়তি। অবলামপি পুনঃ পুনঃ পীড়য়তীতি জ্ঞাত্বাঽপি কথমেনং ন নিবারয়সি ॥ ৩৩ ॥

হে রমণি! বিলাসিনি রাধে! মম শ্রুতিযুগলং শ্রবণদ্বয়ং ত্বদুদিত সৌধ-দ্রবৈঃ তব মুখচন্দ্রাদুত্থিত-বাক্যামৃতরসৈঃ প্লুতং আপ্লুতং, তদপি তথাপি দ্বিগুণিততৃষ্ণং অতিশয়-তৃষ্ণাযুক্তং জাতম্। অহো! আশ্চর্য্যম্ লোলুপতায়াঃ অতিশয়লোভ-পরবশতায়াঃ স্বরূপম্ এব এতৎ স্বভাব-এবায়ম্ ॥ ৩৪ ॥

চঞ্চল তোমার শ্রুতি-যুগস্থ মকর-কুণ্ডল অত্যন্ত কদর্থনা করিতেছে। অবলার উপর এত অত্যাচার দেখিয়াও তুমি কেন প্রতিকার করিতেছ না? ৩৩ ॥

শ্রীকৃষ্ণ—হে বিলাসিনি রাধে! আমার কর্ণদ্বয় সুধা-বিনিন্দিত তোমার কথামৃত-রসে নিরন্তর আপ্লুত হইয়াও পরিতৃপ্ত হইতেছে না, পরন্তু সাতিশয় তৃষ্ণাকুলই হইতেছে। প্রিয়ে! লোলুপতার স্বভাবই এই প্রকার ॥ ৩৪ ॥

---

‡ তথাপি।

শ্রীরাধাহ—　　লোলুপ-চূড়ামণি রসি
　　　　তবাঙ্গ-বৃন্দঞ্চ লোলুপং যদয়ং।
　　মন্নয়নাক্ত-মসীম-
　　　　প্যধরো রাগী স্বমণ্ডনং কুরুতে ॥ ৩৫ ॥

শ্রীকৃষ্ণ আহ—　　বন্ধূকান্তর-বর্ত্তিন
　　　　মলিনমিবায়ং মসীদ্রবং ধৃত্বা।

হে বিদগ্ধ নাগর! 'ত্বং' লোলুপানাং অতিশয়লোভযুক্তানাং চূড়ামণিঃ শিখামণিঃ অসি। 'অতঃ ত্বৎসঙ্গপ্রভাবাৎ' তব অঙ্গবৃন্দঞ্চ আনখশিখান্তং সর্ব্বশরীরম্ অপি লোলুপং ভবতি। যৎ যস্মাৎ অয়ং রাগী অতি সুরঞ্জিতঃ তব অধরঃ মন্নয়নাক্ত-মসীমপি মম নয়ন-সংযুক্তং কজ্জলমপি স্ব-মণ্ডনং নিজভূষণং কুরুতে। লোভি-কামিনাং বস্তুদর্শনমাত্রেণৈব তদ্গ্রহণেচ্ছা জায়তেতরাম্—নতু সদসদ্বিচার বুদ্ধিঃ ॥ ৩৫ ॥

হে প্রিয়ে! অয়ং মম অধরঃ মসীদ্রবং তব নয়নস্থ-কজ্জলবিন্দুং ধৃত্বা বন্ধূকান্তর-বর্ত্তিনং 'বাঁধুলীতি'খ্যাত পুষ্পবিশেষোপরিস্থিতং অলিনং ভ্রমরং

শ্রীরাধা—হে বিদগ্ধ-মুকুটমণি নাগর! তুমি যেমন লোভী কামীগণের শিরোমণি, তোমার অঙ্গ প্রত্যঙ্গগুলিও তোমার সঙ্গ-প্রভাবে ঠিক তেমনই হইয়াছে! কারণ, তোমার ঐ সুরঙ্গ অধর-পল্লব লোভ বশতঃ আমার নয়নের কজ্জলটুকু পর্য্যন্ত গ্রহণ করিয়া নিজের ভূষণ করিয়াছে!! ৩৫ ॥

• • •

শ্রীকৃষ্ণ—হে প্রাণেশ্বরি! আমার এই অধর-পল্লব তোমার নয়নের কজ্জল-বিন্দু ধারণ করিয়া ঠিক 'বাঁধুলি' পুষ্প মধ্যস্থিত ভ্রমরের ন্যায় তোমার নয়ন-যুগলের আনন্দ-বর্দ্ধনই করিতেছে।

অক্ষোরেব মুদং তে

তনুতে তদিমং** কিমাক্ষিপসি ? ৩৬ ॥

শ্রীরাধাহ— বন্দে তব পরিহসিতং

কং দেবং পরিচরস্যহো নিভৃতম্ ।

যৎ প্রসাদাদধীতা *

সৌরত-বিদ্যাতি-চাতুরী-ধারা ॥ ৩৭ ॥

ইব তে তব অক্ষোঃ চক্ষুষোঃ মুদং আনন্দম্ এব তনুতে বিস্তারয়তি, তৎ তস্মাৎ কিং কথং ইমং অধরং আক্ষিপসি ? তিরস্করোষি ॥ ৩৬ ॥

হে নাগরেন্দ্র ! তব পরিহসিতং বিলাস-কলাচাতুর্য্য-পূরিত পরিহাসং বন্দে প্রণমামি। হে রসিক-প্রবর ! ত্বং নিভৃতং অতি রহস্যং যথা স্যাত্তথা কং দেবং পরিচরসি আরাধয়সি ? অহো ! আশ্চর্য্যং যৎ প্রসাদাৎ যস্যানুগ্রহাৎ সৌরত-বিদ্যায়াঃ রতিশাস্ত্রস্য যা চাতুরী অতিবিদগ্ধতা তস্যাঃ ধারা প্রণালিকা ত্বয়া অধীতা পঠিতা ? অত্যল্পপরিচর্য্যয়ৈব সুপ্রসন্নং কমাশুতোষং আরাধয়সি—তত্ত্ জ্ঞাতুমিচ্ছামি ॥ ৩৭ ॥

তুমি তাহাকে তিরস্কার করিতেছ কেন, বল দেখি। তোমারই আনন্দের জন্য সে কালিমা ধারণ করিল, তুমি কিনা তাহাকে পুরস্কারের পরিবর্ত্তে তিরস্কারই করিতেছ ? ৩৬ ॥

শ্রীরাধা—হে রসিকেন্দ্র-চূড়ামণি ! তোমার পরিহাস-চাতুরীকে প্রণাম করি। আচ্ছা, বল দেখি—তুমি অতি নিভৃতভাবে কোন্ গূঢ় ক্রীড়নশীল দেবতাকে আরাধনা করিয়া থাক ?—যাহার প্রসাদে সুরত-বিদ্যাবিষয়ক এত চাতুর্য্যের, এত বিদগ্ধতার ধারা তুমি অধিগত করিয়াছ ? ৩৭ ॥

** তদেনং। * যস্য প্রসাদাদ্বিদিতা।

শ্রীকৃষ্ণ আহ— তব জঘনোত্তম-সদনং

সরসং দেবং সমুপচরাম্যতুলম্‌।

নিভৃত-নিকুঞ্জ-গৃহস্থঃ

প্রতিদিন মুচিতাধিকার এবাহম্‌ ॥ ৩৮ ॥

হে মুগ্ধে! অতুলনীয়গুণ-গরিমশালিনং নিজাঙ্গ-পীঠ দেবতামপি ন জানাসি কিং? শ্রূয়তাম্‌। 'অতিনিবিষ্টচিত্তোঽহং প্রতিদিনং নিভৃত-নিকুঞ্জ-গৃহস্থঃ সন্‌ তব জঘনমেব উত্তমং অত্যুৎকৃষ্টং সদনং আশ্রয়স্থলং যস্য এবম্ভূতং অতুলং অতুলনীয়ং, অবাঙ্‌-মনসগোচরনামরূপাদিকমিতি যাবৎ, সরসং অতিরসময়ং দেবং মূর্ত্তিমচ্ছৃঙ্গারম্‌ সমুপচরামি সম্যক্‌রূপেণ আরাধয়ামি। অত স্তস্যানুগ্রহেণৈবাহং উচিতাধিকারঃ প্রাপ্তবিত্তঃ, এতাদৃশাভিজ্ঞঃ অস্মি ॥ ৩৮ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রিয়ে! কস্তূরী-মৃগের ন্যায় অতুলনীয় রূপ-গুণ-মহিমাশালিনী নিজের অঙ্গ-পীঠ-দেবতার কথাও কি তুমি অবগত নহ? কি আশ্চর্য্য!! তবে শুন—আমি প্রতিদিন অতি নিবিষ্ট-চিত্তে নিভৃত নিকুঞ্জে বসিয়া তোমার জঘনরূপ উত্তম পীঠ-স্থানের অধিষ্ঠাত্রী, অতুলনীয় রূপগুণ-শালিনী রসময়ী দেবতাকে আরাধনা করিয়া থাকি। সেই দেবতার অনুগ্রহেই আমি রতিশাস্ত্র বিষয়ে বিশেষ বিদগ্ধতা লাভ করিয়া উপযুক্ত অধিকার প্রাপ্ত হইয়াছি ॥ ৩৮ ॥

শ্রীরাধাহ— সত্যমতঃ স্বারূপ্যং
লব্ধ্বা দৃপ্তঃ কুলাবলা-নলিনীঃ।
মলিনীঃ কুরুষে কা তব
নয়নে পতিতা স্বকং পতিং ভজতাম্ ? ৩৯ ॥

শ্রীকৃষ্ণ আহ— সখি ! তব নিরাবৃতান্যতি
রুচিরাণ্যঙ্গান্যতীব সঙ্কুচন্তি।

হে বনদেব ! ত্বয়া সত্যমুক্তং, অতঃ নৈষ্ঠিকভাবেন কঠোরতপঃ প্রভাবাৎ সারূপ্যং আরাধিত-দেবতায়াঃ সমানরূপতাং লব্ধ্বা প্রাপ্য দৃপ্তঃ অতিগর্ব্বিতঃ সন্ কুলাবলা-নলিনীঃ ব্রজগোপীরূপাঃ পদ্মিনীঃ মলিনীঃ পাতিব্রত্যাদ্বিচ্যুতাঃ কুরুষে। হে চতুর-শিরোমণে ! 'বদ' তব নয়নে নয়ন-কটাক্ষে পতিতা সতী কা রমণী স্বকং স্বকীয়ং পতিং ভজতাং, ন কাপীতি ধ্বনিতম্ ॥ ৩৯ ॥

হে সখি রাধে ! নিরাবৃতানি উন্মুক্তানি অতিরুচিরাণি সুমনোহরাণি মন্দাক্ষ-মগ্নানি লজ্জা-'সাগর'-নিমজ্জিতানি তব অঙ্গানি অতি অত্যধিকং

শ্রীরাধা—হে কুঞ্জেচরী দেবতা ! তুমি সত্য বলিয়াছ গো ! কঠোর তপস্যার প্রভাবে তোমার আরাধিত দেবতা তোমাকে নিজ সারূপ্য প্রদান করায় তুমি অতিশয় গর্ব্বিত হইয়াছ—অতএব, মদমত্ত হস্তীর ন্যায় ব্রজকুলবতী পদ্মিণীগণকে মলিন করিতেছ ! হে চতুর ! বল দেখি—এই ব্রজমাঝে এমন কোন্ রমণী আছে, যে একবার তোমার নয়ন-কটাক্ষে পতিতা হইয়া আর নিজ পতিকে ভজনা করিতে পারে ? ৩৯ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রিয়সখি রাধে ! বস্ত্রালঙ্কারাদি দ্বারা অনাবৃত অতি মনোহর তোমার অঙ্গ প্রত্যঙ্গ সকল লজ্জাসাগরে নিমজ্জিত

সম্প্রতি মন্নয়নান্ত-
বিশন্তি মন্দাক্ষ-মগ্নানি ॥ ৪০ ॥

।রাধাহ— ধৃষ্টতমে তব নয়নে
যন্মিত্রং কৌস্তুভো দ্যুতিং তনুতে।

সঙ্কুচন্তি সংকোচযুক্তানি ইব 'সন্তি' সংপ্রতি মন্নয়নান্তঃ মম নয়নয়োঃ মধ্যে বিশন্তি প্রবিশন্তি, শরণমিচ্ছন্তীতি যাবৎ। অতঃ এষামভিলাষং পরিপূরয়েতি ভাবঃ ॥ ৪০ ॥

হে ধূর্ত্ত-প্রবর! যৎ যস্মাৎ তব নয়নে ধৃষ্টতমে ধূর্ত্ত-শ্রেষ্ঠে, অয়ং কৌস্তুভঃ তব কণ্ঠমণি রপি মিত্রং তব নয়নয়োঃ বন্ধুঃ সন্ ইহ মদঙ্গে দ্যুতিং স্বকান্তিং তনুতে বিস্তারয়তি। তৎ তস্মাৎ 'অশরণানি'

হইয়া অতিশয় সংকুচিতের ন্যায়ই যেন সংপ্রতি আমার নয়নে প্রবেশ করিতেছে অর্থাৎ সলজ্জভাবে আমার নয়নযুগলের শরণ গ্রহণের ইচ্ছা করিতেছে। সুতরাং ইহাদের ইচ্ছাপূরণ করা তোমার উচিত নহে কি? ৪০ ॥

শ্রীরাধা – হে প্রাণ-বল্লভ! তোমার ঐ নয়ন-যুগল অতিশয় ধৃষ্টতম; তাহাতে আবার তোমার কণ্ঠস্থ মণিরাজ নয়নের বন্ধু হইয়া আমার অঙ্গ-প্রত্যঙ্গে নিজকান্তি বিস্তার করিতেছে। সুতরাং আমার অসহায় অঙ্গ প্রত্যঙ্গগুলি কোথায় যাইবে? কাজে কাজেই তোমার অঙ্গ সকলের আশ্রয় গ্রহণ করুক্।

তদিহ মদঙ্গান্যধুনা

শরণং যান্তু ত্বদঙ্গানাম্ * ॥ ৪১ ॥

শ্রীকৃষ্ণ আহ— হিত্বা সতৃষ-দৃশৌ মম

বৈরাদিব কৌস্তুভং পরাভূয়।

বিশতি তব স্তন-যুগলং

মদ্ধৃদয়ান্তঃ স্ববিক্রমং বিভ্রৎ ॥ ৪২ ॥

ইমানি মদঙ্গানি অধুনা ত্বদঙ্গানাং শরণং আশ্রয়ং যান্তু। অলমেষাং পৃথগবস্থানেন ॥ ৪১ ॥

হে প্রাণেশ্বরি! তব স্তনযুগলম্ বৈরাৎ শত্রুতাবশাৎ ইব মম সতৃষদৃশৌ তৃষ্ণাযুক্ত-নয়নে হিত্বা পরিত্যজ্য কৌস্তুভঞ্চ মম কণ্ঠমণিমপি পরাভূয় পরাজিত্য স্ববিক্রমং নিজ-সামর্থ্যং বিভ্রৎ ধারয়ৎ মদ্ধৃদয়ান্তঃ মম হৃদয়মধ্যে বিশতি প্রবিশতি ॥ ৪২ ॥

অর্থাৎ আমার প্রতি অঙ্গ তোমার প্রতি অঙ্গের আশ্রয় গ্রহণ করিয়া ক্ষণকাল লজ্জা-সাগর হইতে উত্তীর্ণ হউক্ ॥ ৪১ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রাণেশ্বরি! কি আশ্চর্য্য! দেখ দেখি—তোমার অত্যুন্নত স্তন-যুগল শত্রুতাবশতঃই যেন আমার সতৃষ্ণ নয়ন-দ্বয়কে পরিত্যাগ করিয়া এবং অত্যুজ্জ্বল কৌস্তুভ মণি-রাজকেও পরাজয় করতঃ নিজ বিক্রম প্রকাশ পূর্ব্বক সবলে আমার হৃদয় মধ্যে প্রবেশ করিতেছে ॥ ৪২ ॥

* ত্বদঙ্গানি।

শ্রীরাধাহ—　　কঠিনতমং তব হৃদয়ং
　　কুচ-যুগমপি মে প্রতীয়তে কঠিনম্‌।
　　তদুচিতমনয়ো র্মিলনং
　　যোগ্যং যোগ্যেন যুজ্যতে যস্মাৎ ॥ ৪৩ ॥

শ্রীকৃষ্ণ আহ—　　মদুরঃ পক্ষগতা ত্বং †
　　মম যদক্ষ্ণো র্বিপক্ষতাং কুরুষে ‡।

হে শ্যামসুন্দর! তব হৃদয়ং বক্ষঃস্থলং কঠিনতমং নীলমণি সদৃশ-মতিদৃঢ়ং, মে মম কুচযুগমপি কঠিনমেব প্রতীয়তে প্রতিভাতি। তৎ তস্মাৎ অনয়োঃ স্তন-বক্ষসোঃ মিলনং সংযোগঃ উচিতমেব উপযুক্তমেব। যস্মাৎ যোগ্যং বস্তু যোগ্যেন বস্তুনা সহ এব যুজ্যতে যুক্তং ভবতি—ইতি হি শাস্ত্রপ্রমাণম্‌॥ ৪৩ ॥

হে প্রিয়ে রাধে! মদুরঃ মম বক্ষসঃ পক্ষগতা স্বপক্ষীয়া, আশ্রিতেতি যাবৎ, ত্বং যদ্যপি মম অক্ষ্ণোঃ চক্ষুষোঃ বিপক্ষতাং শত্রুতাং দর্শন-

---

শ্রীরাধা—হে শ্যামসুন্দর! তোমার বিশাল বক্ষঃস্থল নীলমণি অপেক্ষাও কঠিন এবং আমার কুচযুগলও অতিশয় কঠিন বলিয়াই প্রতীয়মান হইয়া থাকে; সুতরাং উভয়ের মিলন অতি সুন্দরই হইয়াছে। কারণ, শাস্ত্র বলেন যে যোগ্যবস্তু নিজ সদৃশ যোগ্যবস্তুর সহিতই মিলিত হইয়া থাকে ॥ ৪৩ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রাণপ্রিয়ে! আমার নয়নদ্বয় তোমার উন্মুক্ত অঙ্গ-প্রত্যঙ্গ দর্শন করিয়া পরম আনন্দলাভ করিতেছিল—যদ্যপি তুমি আমার বক্ষঃস্থলের আশ্রয় গ্রহণ করিয়া উহাদের সেই

---

† উরসঃ পক্ষগতত্বং। ‡ মন্যুষে।

তদপি তয়ো স্তদ্‌বদনং
প্রকাম-সুভগং মুদং তনুতে ॥ ৪৪ ॥

শ্রীরাধাহ— স্বচ্ছন্দং যদি রমসে
রমস্ব! তত্রাবলাস্মি কিং কুর্য্যাম্?
ক্ষিপসি দৃশং যদলজ্জং
মদপঘনে তৎ কথং সহে কুলজা ॥ ৪৫ ॥

ব্যাঘাতাদিতি ভাবঃ, কুরুষে আচরসি তদপি তথাপি প্রকামসুভগং অতিশয়-শ্রীসম্পন্নং ত্বদ্বদনং তব শ্রীমুখচন্দ্রমাঃ তয়োঃ মম নয়নয়োঃ মুদং আনন্দাতিশয্যং তনুতে বিস্তারয়তি ॥ ৪৪ ॥

হে রমণ! ত্বং যদি স্বচ্ছন্দং যথেষ্টং রমসে ক্রীড়সি মামিতি শেষঃ রমস্ব বিহর অহং অবলা অস্মি, তত্র তস্মিন্ বিষয়ে কিং কুর্য্যাং? অসামর্থ্যাৎ বারয়িতুমপি নেচ্ছামি। কিন্তু মদপঘনে মম মর্ম্মস্থলে অলজ্জং অসঙ্কোচং দৃশং যৎ ক্ষিপসি—তৎ কথং কুলজা কুলবতী অহং সহে। [লজ্জৈব নারীণাং প্রাণাধিকা, অতঃ স্তদ্‌বসতিস্থলং পুনঃ পুন র্মা পশ্য] ॥ ৪৫ ॥

সুখের ব্যাঘাত করতঃ পরম শত্রুতা আচরণ করিতেছ, কিন্তু দেখ দেখি—তোমার পরম রমণীয় মুখচন্দ্রমা তাহাদিগকে পরমানন্দই প্রদান করিতেছে ॥ ৪৪ ॥

শ্রীরাধা—হে রতি-লম্পট! আমাকে সর্ব্বথা নিঃসহায় পাইয়া তুমি যে যথেচ্ছাক্রমে রমণ করিতেছ, কর; আমি অবলা সে বিষয়ে আর কিই বা করিতে পারি? কিন্তু বল দেখি—আমার মর্ম্মস্থলে তোমার ঐ নির্ল্লজ্জ নয়ন-যুগলকে যে পুনঃ পুনঃ নিঃক্ষেপ করিতেছ—আমি কুলবতী হইয়া ঐরূপ নির্ল্লজ্জভাব কিরূপে সহ্য করি? ৪৫ ॥

শ্রীকৃষ্ণ আহ— যদি মম দৃষ্টি-চকোর্য্যা

বিধুমুখি! নৈবোপলভ্যসে দৈবাৎ।

হৃদয়-গৃহে খেলস্যপি

তথাপি হা জ্বলয়সি প্রসভম্॥ ৪৬॥

শ্রীরাধাহ— তব ভুজ-যুগ-দৃঢ়-বন্ধং

বামাপীহেঽন্যথা ভবন্নয়নে।

হে বিধুমুখি! চন্দ্রাননে! দৈবাৎ ভাগ্যবশাৎ ত্বং মম হৃদয় গৃহে বক্ষঃস্থলে খেলসি অপি তথাপি মম দৃষ্টি-চকোর্য্যা নয়নরূপ চকোর্য্যা নৈব উপলভ্যসে উপলক্ষ্যসে। প্রসভং হঠাৎ যদি যদ্যপি কথঞ্চিদপি উপলক্ষ্যসে হা কষ্টং তথাপি তাং দৃষ্টি-চকোরীং জ্বলয়সি বিরহাতপেন তাপয়সি। দয়াবতীনামনুচিতমেতৎ॥ ৪৬॥

হে নিস্ত্রপ-শিরোমণে! নির্লজ্জ কলাগুরো! বামা অবলা অপি অহং তব ভুজ-যুগয়োঃ যৎ দৃঢ়-বন্ধং কঠিন-বন্ধনং, গাঢ়ালিঙ্গনমিতি যাবৎ তৎ যদৈব অন্যথা প্রকারান্তরং কর্ত্তুমিতি শেষঃ ঈহে চেষ্টে অর্থাৎ দৃঢ়বন্ধনং

শ্রীকৃষ্ণ—হে চন্দ্রাননে! বহুভাগ্যক্রমে তুমি আমার বক্ষঃস্থলে ক্রীড়নশীলা হইলেও আমার নয়ন-চকোরী কর্ত্তৃক পরিলক্ষিতা হইতেছ না। হায় হায়!! হঠাৎ যদিও বা সে কোনও প্রকারে একটু দর্শন করিতে চেষ্টা করিতেছে, তথাপি তাহাকে আবার বিরহানলেই দগ্ধ করিতেছ!!! ওহে! এই কি তোমার দয়ার পরিচয়? ৪৬॥

শ্রীরাধা—হে লম্পট-শিরোমণি! কি আর বলিব!! আমি অবলা কুলবালা হইয়াও তোমার বিশাল বাহুযুগলের সুদৃঢ় বন্ধন

নিস্ত্রপ-শিরোমণে! মাং

ত্রপাম্বুধৌ পাতয়িষ্যতঃ প্রকটম্ ॥ ৪৭ ॥

শ্রীকৃষ্ণ আহ— ত্বন্নয়নে চ মদক্ষ্ণো

রন্তেবাসিত্বমিচ্ছতঃ কিন্তু।

কিঞ্চিৎ শিথিলয়িতুমভিলষামীতি যাবৎ—তদৈব ভবন্নয়নে তব চক্ষুষী প্রকটং প্রকাশ্যং যথা স্যাত্তথা মাং ত্রপাম্বুধৌ লজ্জা-সাগরে পাতয়িষ্যতঃ নিঃক্ষেপয়িষ্যতঃ ॥ ৪৭ ॥

হে প্রিয়ে! মম নয়নযুগলং নির্লজ্জমিতি সত্যমুক্তম্—কিন্তু তব নয়নে মদক্ষ্ণোঃ মম চক্ষুষোঃ নির্লজ্জয়োরিতি যাবৎ অন্তেবাসিত্বং শিক্ষা-শিষ্যত্বম্ ইচ্ছতঃ নিস্ত্রপবিদ্যামধীতুমভিলষতঃ, কিন্তু গর্ব্বাৎ অভিমানাৎ ইব প্রকটং

অন্যথা করিতে অর্থাৎ তোমার দৃঢ় আলিঙ্গন কিঞ্চিৎ শিথিল করিয়া যেমনই একটু পার্শ্ব পরিবর্ত্তন করিতে ইচ্ছা করিতেছি—হে নির্লজ্জ-শিখামণি! অমনি তোমার নয়নযুগল আমাকে প্রকাশ্যভাবে অর্থাৎ কটাক্ষশরাঘাতে বিদ্ধ করতঃ লজ্জা-সাগরে নিঃক্ষেপ করিতেছে ॥ ৪৭ ॥

শ্রীকৃষ্ণ—হে প্রিয়ে! আমার নয়ন-যুগল ত নির্লজ্জই বটে; কিন্তু দেখ দেখি—তোমার নয়নই বা কত সাধু? উহারা এই সমস্ত বিদ্যা শিক্ষা করিবার জন্য আমার নয়ন-যুগলের শিষ্যত্ব ইচ্ছা করিতেছে। কিন্তু তোমার নয়ন-যুগল অতিশয় প্রগল্ভ

গর্ব্বাদিব ন চ পঠতঃ
প্রকটং প্রৌঢ়িঃ কিয়ত্যহো যদিয়ম্ * ॥ ৪৮ ॥

শ্রীরাধাহ— চেত স্ফুটতি স্বয়ঞ্চ
তথাপি নয়নে ন তাদৃশে ভবতঃ।
সাধ্বীনামিয়মুচিতা
এব নিসর্গ-ত্রপাকুলতা ** ॥ ৪৯ ॥

প্রকাশ্যং যথা স্যাত্তথা যৎ ন পঠতঃ—অহো! আশ্চর্য্যং ইয়ং কিয়তী কীদৃশী প্রৌঢ়িঃ প্রগল্ভতা স্যাদিত্যেব বিচার্য্যমিতি শেষঃ ॥ ৪৮ ॥

হে কুলবতী-ধর্ম্ম-ধ্বংসক! সাধ্বীনাং পতিব্রতানাং ইয়মেব নিসর্গ-ত্রপাকুলতা স্বভাবসিদ্ধ লজ্জাশীলতা উচিতা সঙ্গতা—নতু দুষণীয়া। কুলবতীনাং চেতঃ অন্তঃকরণম্ স্বয়ঞ্চ স্বয়মেব ফুটতি বাঞ্ছিতমতিপ্রিয়মলব্ধ্বাপি স্বয়মেব বিদীর্য্যতে; তথাপি নয়নে চক্ষুষী ন তাদৃশে নির্ল্লজ্জে ভবতঃ। [লজ্জৈব নারীনাং ভূষণম্, তস্যাশ্চ বসতিস্থলং নয়নমেব—অতঃ ত্বৎ-কথিতঃ স্বাতন্ত্র্যাদোষঃ মম চক্ষুষো র্নাস্ত্যেব—ইতি ধ্বনিতম্।] ॥ ৪৯ ॥

কিনা, তাই ছাত্রত্ব স্বীকার করিয়াও অভিমান বশতঃ প্রকাশ্যভাবে পড়িতেছে না ॥ ৪৮ ॥

